# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২০২৫

কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
www.techedu.gov.bd

কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন নম্বর: ০২-৯১১০৬৭১ ফ্যাক্স নম্বর: ৮৮-০২-৯১১০৬৭১
E-mail: techedu09@gmail.com
www.techedu.gov.bd

**সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনায়:**
**আবুল খায়ের মোঃ আক্কাস আলী**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**সম্পাদনা পরিষদ ও আহ্বায়ক কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন, পরিচালক (প্রশাসন) | আহ্বায়ক |
| ২. | জনাব মোঃ খোরশেদ আলম, উপপরিচালক (এমপিও) | সদস্য |
| ৩. | জনাব মফিজুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (মূলত: উপাধ্যক্ষ, পলি. ইন্স.) | সদস্য |
| ৪. | জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী পরিচালক- ১ | সদস্য |
| ৫. | জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী পরিচালক- ৩ (অতিরিক্ত দায়িত্ব) | সদস্য |
| ৬. | খন্দকার হুমায়ূন কবীর, সহকারী পরিচালক- ৪ | সদস্য |
| ৭. | জনাব মোঃ এনায়েত করিম, সহকারী পরিচালক- ৫ | সদস্য |
| ৮. | মিজ্ নাসরিন সুলতানা, সহকারী পরিচালক- ৬ | সদস্য |
| ৯. | জনাব রেজওয়ানুল হক, সহকারী পরিচালক- ৭ | সদস্য |
| ১০. | জনাব দিপংকর নন্দী, সহকারী পরিচালক- ৯ | সদস্য |
| ১১. | ড. রেজা হাসান মাহমুদ, সহকারী পরিচালক- ১০ | সদস্য |
| ১২. | জনাব সাইফুল হক খান, সহকারী পরিচালক- ১১ (অতিরিক্ত দায়িত্ব) | সদস্য |
| ১৩. | জনাব ---------------, সহকারী পরিচালক- ১২ | সদস্য |
| ১৪. | মিজ্ হাছিনা বেগম, সংযুক্ত কর্মকর্তা (প্রশাসন ও হিসাব) | সদস্য |
| ১৫. | জনাব এ. কে. এম. আলাউদ্দিন, সেকশন অফিসার (অর্গানোগ্রাম সেল) | সদস্য |
| ১৬. | জনাব মোঃ আলী ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (আইসিটি সেল) | সদস্য |
| ১৭ | জনাব মোঃ সাইফুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (শাখা-২) | সদস্য |
| ১৮. | জনাব মোঃ হুমায়ুন কবির, সহকারী পরিচালক- ২ | সদস্য সচিব |

**প্রকাশক:**
কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**প্রকাশকাল: অক্টোবর, ২০২৫**



**সচিব**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে শিক্ষিত, প্রশিক্ষিত, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি নতুন বাংলাদেশ গঠনে অন্যতম ভূমিকা রাখতে পারে। তাই সরকার দেশের উন্নয়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার ও মানোন্নয়ন অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করছে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) কার্যক্রম বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। ইতোমধ্যে গৃহীত কিছু পদক্ষেপ যেমন- সার্টিফিকেট ও ডিপ্লোমা পর্যায়ে আসন সংখ্যা বৃদ্ধি, স্কিলস কম্পিটিশন ও জব ফেয়ার আয়োজন, শিক্ষার্থীদের জন্য বৃত্তি-উপবৃত্তি প্রদান, নারী বান্ধব ট্রেড চালু, অবকাঠামোগত উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রকল্প বাস্তবায়ন এবং নতুন প্রকল্প গ্রহণের ফলে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

সরকার ২০৩০ সালের মধ্যে 'TVET Implementation Plan (2025-2030)' অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থী এনরোলমেন্ট হার ৩০% এ উন্নীত করার কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এছাড়াও কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের লক্ষ্যে Sector Performance Monitoring Framework (SPMF), Annual Sector Performance Report (ASPR) এবং ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান-২০২৫ প্রণয়ন করা হয়েছে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং চলমান ও ভবিষ্যৎ কার্যক্রম জনসমক্ষে তুলে ধরার জন্য ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে যা অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ। এর মাধ্যমে যেমন কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকান্ডের গতিশীলতা প্রকাশ পাবে সেই সাথে দেশের বিপুল জনগোষ্ঠীর কারিগরি জ্ঞান, দক্ষতা ও প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত কর্মকান্ড সম্পর্কে সকলে সম্যকভাবে অবগত হতে পারবেন।

২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনার কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

**মুহাম্মদ রফিকুল ইসলাম**
সচিব



**মহাপরিচালক**
কারিগরি শিক্ষা অধিদপ্তর

## মুখবন্ধ

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ যুগোপযোগীকরণ, মানবসম্পদ উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়িত কার্যক্রমের সার্বিক তথ্য দিয়ে সাজানো হয়েছে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন। এ প্রতিবেদনে অধিদপ্তরের কার্যাবলী, বাজেট, জনবল সেবা প্রদান প্রতিশ্রুতি, উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন ও ভবিষ্যৎ কর্মকান্ডের বিবরণ রয়েছে।

দেশের বিশাল জনগোষ্ঠীকে কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ মানব সম্পদে রূপান্তর করতে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ নিরলসভাবে কাজ করে চলেছে। ১৯৬০ সালে প্রতিষ্ঠার পর থেকে  দেশের ক্রমবর্ধমান ও পরিবর্তনশীল শিল্প এবং যোগাযোগ ও তথ্য প্রযুক্তি খাতসহ বৈদেশিক শ্রমবাজার উপযোগী দক্ষ জনশক্তি তৈরীতে যুগোপযোগী টেকনোলজি/ট্রেড চালুসহ কারিগরি শিক্ষা বিস্তার ও দক্ষতামান উন্নয়নে নতুন নতুন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করছে। সেই সাথে কারিগরি শিক্ষায় নারীদের অংশগ্রহণ বৃদ্ধির জন্য নারী শিক্ষার্থী কোটা ১০% থেকে বাড়িয়ে ২০% করা হয়েছে এবং নারী বান্ধব ট্রেড/টেকনোলজি চালু করা হয়েছে। এছাড়াও পাঠদান পদ্ধতির আধুনিকায়নসহ মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে দেশে ও বিদেশে প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। ফলে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এ সকল উদ্যোগ দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তি তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) কর্মসূচী সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের বিশাল কর্মক্ষম জনশক্তিকে জনসম্পদে রূপান্তর করে সমৃদ্ধ ও উন্নত দেশ গঠনে সর্বোচ্চ অবদান রাখবে বলে আমরা আশাবাদী।

এ প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

**আবুল খায়ের মোঃ আক্কাস আলী**
অতিরিক্ত সচিব

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | সূচিপত্র | ৬ |
| ২. | শব্দসংক্ষেপ | ৭ |
| ৩. | সারসংক্ষেপ | ৮ |
| ৪. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালকবৃন্দ | ৯ |
| ৫. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রাক্তন পরিচালক ও মহাপরিচালকবৃন্দের ছবিসহ তালিকা | ১০-১৩ |
| ৬. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভূমিকা, রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) ও কার্যাবলি | ১৫-১৬ |
| ৭. | সাংগঠনিক কাঠামো | ১৭-২২ |
| ৮. | জনবল তথ্য | ২৩ |
| ৯. | শাখা ভিত্তিক দায়িত্ব ও কর্মবণ্টন | ২৪-৩৫ |
| ১০. | সেবাপ্রদান প্রতিশ্রুতি | ৩৬-৬১ |
| ১১. | কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রশিক্ষণ কার্যক্রম | ৬২-৬৫ |
| ১২. | আওতাধীন প্রতিষ্ঠানসমূহ | ৬৬ |
| ১৩. | আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বাজেট বরাদ্দ ও ব্যয় | ৬৭-৬৮ |
| ১৪. | প্রতিষ্ঠানের চলমান উল্লেখযোগ্য কার্যক্রম | ৬৯-৭৪ |
| ১৫. | বাংলাদেশের জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF) | ৭৫-৭৬ |
| ১৬. | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রকল্পসমূহের বিবরণ | ৭৭-৮৭ |
| ১৭. | অডিট ও মামলা সংক্রান্ত তথ্য | ৮৮ |
| ১৮. | স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষার সম্প্রসারণ | ৮৯-৯২ |
| ১৯. | তারুন্যের উৎসব T10 ক্রিকেট টুর্নামেন্ট-২০২৫ | ৯৩-৯৪ |
| ২০. | নারী শিক্ষার্থী, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রান্তিক জনগোষ্ঠী | ৯৫ |
| ২১. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের গবেষণা কার্যক্রম | ৯৬ |
| ২২. | এনরোলমেন্ট, উপবৃত্তি ও এমপিও সংক্রান্ত তথ্য | ৯৭-৯৮ |
| ২৩. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১০ বছরের অর্জন | ৯৯ |
| ২৪. | কারিগরি শিক্ষার চ্যালেঞ্জ | ১০০ |
| ২৫. | ভবিষ্যৎ পরিকল্পনা | ১০১ |

## শব্দ সংক্ষেপ (Abbreviation/Acronyms)

| | |
|---|---|
| APA | Annual Performance Agreement. |
| BNQF | Bangladesh National Qualifications Framework. |
| CBLM | Competency Based Learning Materials |
| CBT&A | Competency Based Training and Assessment. |
| DME | Directorate of Madrasah Education. |
| DTE | Directorate of Technical Education |
| IDB | Islamic Development Bank |
| LMS | Learning Management System. |
| MOU | Memorandum of Understanding. |
| NSC | National Steering Committee. |
| NSDC | National Skill Development Council |
| NSDP | National Skills Development Policy |
| NTVQF | National Technical and Vocational Qualifications Framework. |
| RPL | Recognition of Prior Learning. |
| RTO | Registered Training Organization. |
| SDG | Sustainable Development Goals. |
| TSC | Technical School and College. |
| TTF | TVET Teachers for the Future. |
| TVET | Technical and Vocational Education and Training. |

# সারসংক্ষেপ

জাতীয় শিক্ষানীতি-২০১০, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০২২ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি ২০১৬-২০৩০) বাস্তবায়নে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় জনগণকে জনশক্তিতে রূপান্তরের উদ্দেশ্যে প্রতিটি পরিকল্পনাতেই সরকার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উপর গুরুত্বারোপ করেছে। বর্তমানে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট হার ১৯%, তন্মধ্যে নারী শিক্ষার্থী এনরোলমেন্ট হার ২৭.৯৭%। 'TVET Implementation Plan (2025-2030)' অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থী এনরোলমেন্ট হার ২০৩০ সালের মধ্যে ৩০% এ উন্নীত করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষায় সক্ষমতা বৃদ্ধিতে দেশের বিভিন্ন অঞ্চলে নতুন নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন এবং শিক্ষার্থীদের বৃত্তি ও উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করছে। একই সাথে দেশে-বিদেশে শিক্ষক প্রশিক্ষণ আয়োজন, ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ স্থাপন, যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ উদযাপন, জব ফেয়ার ও স্কিলস কম্পিটিশনসহ নানাবিধ কর্মসূচি পরিচালনা করছে। ফলশ্রুতিতে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণকে দেশের তৃণমূল পর্যায়ে জনপ্রিয় করে গড়ে তোলার মাধ্যমে দেশের বিশাল জনগোষ্ঠীকে উৎপাদনমুখী মানবসম্পদে রূপান্তর করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখছে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ, ১টি টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ১টি ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, ৫০টি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট, ১৫৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজসহ মোট ২১১টি শিক্ষা প্রতিষ্ঠানে সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী পর্যায়ে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। এছাড়াও অধিদপ্তরের অধীনে ৮টি বিভাগে ৮টি আঞ্চলিক পরিচালকের কার্যালয় রয়েছে। কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১০,৬৮৪টি। অধিদপ্তরাধীন বর্তমানে ২,১৫১টি এমপিওভুক্ত প্রতিষ্ঠানে ২০,৫৫৯ জন শিক্ষক ও ২,৫৩৬ জন কর্মচারী কর্মরত রয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের পদ সৃষ্টি ও অর্গানোগ্রাম হালনাগাদকরণে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিদ্যমান সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য ১২,৮০৫টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে। বর্তমানে অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট ও টিএসসিতে মোট পদসংখ্যা ২৭,২০৭টি।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় অধিকতর শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এ স্তরের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান, বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে। ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ৫০০ টাকা এবং শিক্ষা উপকরণ বাবদ প্রতি সেমিস্টারে ১০০০ টাকা ও পরীক্ষার ফরম পূরণ বাবদ প্রতি সেমিস্টারে ১০০০ টাকা, এইচএসসি (ভোকেশনাল/বিএমটি) শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ৫০০ টাকা এবং শিক্ষা উপকরণ বাবদ প্রতি বছর ১০০০ টাকা ও পরীক্ষার ফরম পূরণ বাবদ প্রতি বছরে ১০০০ টাকা, এসএসসি/দাখিল (ভোকেশনাল) শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ৩৫০ টাকা, পরীক্ষার ফরম পূরণ বাবদ ৯ম শ্রেণীতে ১০০০ টাকা ও ১০ শ্রেণীতে ১৫০০ টাকা, ৮ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ২৮৫ টাকা এবং ৬ষ্ঠ-৭ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ২৩৫ টাকা প্রদান করা হচ্ছে। ২০২৪-২৫ অর্থ বছরে মোট অর্থবছরে মোট ৭২৮৯৭৫ জন শিক্ষার্থীর বিপরীতে ২৬২.০৯ কোটি টাকা উপবৃত্তি বিতরণ করা হয়েছে।

বর্তমানে অধিদপ্তরের আওতায় ১১টি বিনিয়োগ প্রকল্প ও ১টি কারিগরি সহায়তা প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পগুলোর মাধ্যমে বর্তমান প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি নতুন নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন এবং জাতীয় ও আন্তর্জাতিক চাহিদা মোকাবেলায় নতুন নতুন ট্রেড/টেকনোলজি অন্তর্ভুক্তকরণের কাজ চলমান রয়েছে। ১০০টি উপজেলায় ১টি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নবনির্মিত ৯১টি টিএসসিসহ ১৫৫টি টিএসসিতে ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি এবং শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে পর্যায়ক্রমে আরও ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপিত হবে। বিদ্যমান ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ ছাড়াও ৪টি বিভাগে আরও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কাজ চলমান রয়েছে। "বিদ্যমান ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় ৩০টি প্রতিষ্ঠানে ভবন নির্মাণ কাজ শেষ হয়েছে এবং বাকী ৩৪টি প্রতিষ্ঠানে নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে। কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের পাশাপাশি চারটি বিভাগীয় শহরে আরো ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের কাজ চলমান রয়েছে।

## কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালকবৃন্দের পরিচিতি:

| নাম ও পদবী | | টেলিফোন, ই-মেইল ও ফ্যাক্স নম্বর |
|---|---|---|
|  | আবুল খায়ের মোঃ আক্কাস আলী<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | ই-মেইল: techedu09@gmail.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৬<br>ফ্যাক্স: ৮৮-০২-৪১০২৪৬৪৮ |
|  | ফরিদা ইয়াসমীন<br>পরিচালক (পিআইডব্লিউ) [যুগ্মসচিব] | ই-মেইল: dte.directorpiw@gmail.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৩ |
|  | প্রকৌশলী মোঃ আক্তারউজ্জামান<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ই-মেইল: aktarzaman82@yahoo.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৪ |
|  | প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন<br>পরিচালক (প্রশাসন) | ই-মেইল: dte.admidirector684@gmail.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৮৪৭ |
|  | প্রকৌশলী মোঃ রেজাউল হক<br>পরিচালক (ভোকেশনাল) | ই-মেইল: vocationaldirector25@gmail.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৭ |
|  | প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান<br>পরিচালক (পিআইইউ) | ই-মেইল: director.piu.dte@gmail.com<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৬৪৭ |

## কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রাক্তন পরিচালক ও মহাপরিচালকবৃন্দের ছবিসহ তালিকা:

| ক্রমিক | নাম | পদবী | হতে | পর্যন্ত | ছবি |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব এম এ রশিদ | পরিচালক | ০২/১১/১৯৬১ | ১১/০৭/১৯৬৬ |  |
| ২ | ড. ওয়াকার আহমেদ | পরিচালক | ১২/০৭/১৯৬৬ | ১৭/০৩/১৯৭২ |  |
| ৩ | জনাব আব্দুর রশিদ | পরিচালক | ১৮/০৩/১৯৭২ | ১৫/০২/১৯৭৩ |  |
| ৪ | ড. ওয়াহিদ উদ্দিন | পরিচালক | ১৬/০২/১৯৭৩ | ২৪/০৪/১৯৭৫ |  |
| ৫ | জনাব এম এ ছাত্তার | পরিচালক | ২৫/০৪/১৯৭৫ | ৩০/০৫/১৯৭৯ |  |
| ৬ | জনাব হামিদ আলী শাহ | পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ৩১/০৫/১৯৭৯ | ৩১/১২/১৯৮০ |  |
| ৭ | জনাব এ কে ভূইয়া | পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ০১/০১/১৯৮১ | ৩০/১১/১৯৮১ |  |
| ৮ | জনাব হামিদ আলী শাহ | মহাপরিচালক | ০১/১২/১৯৮১ | ১৪/০৭/১৯৮৬ |  |
| ৯ | জনাব এম এ বারী | মহাপরিচালক | ১৫/০৭/১৯৮৬ | ১৫/১১/১৯৮৬ |  |

| ক্রমিক | নাম | পদবী | হতে | পর্যন্ত | ছবি |
|---|---|---|---|---|---|
| ১০ | জনাব এম টি সি মিয়া | মহাপরিচালক | ১৬/১১/১৯৮৬ | ০৫/০১/১৯৮৯ |  |
| ১১ | জনাব রমানন্দ মল্লিক | মহাপরিচালক | ০৬/০১/১৯৮৯ | ০৫/০১/১৯৯২ |  |
| ১২ | জনাব মোঃ রফিকুল হক | মহাপরিচালক | ০৬/০১/১৯৯২ | ৩০/১০/১৯৯৫ |  |
| ১৩ | জনাব মোঃ রেজাউল করিম | মহাপরিচালক (ভারপ্রাপ্ত) | ৩১/১০/১৯৯৫ | ০৬/১২/১৯৯৫ |  |
| ১৪ | প্রফেসর ই, এইচ, চৌধুরী | মহাপরিচালক | ০৭/১২/১৯৯৫ | ৩১/১২/১৯৯৫ |  |
| ১৫ | জনাব আব্দুর রফিক | মহাপরিচালক | ০১/০১/১৯৯৬ | ০৩/০১/১৯৯৮ |  |
| ১৬ | প্রফেসর মোঃ জিয়াউর রহমান | মহাপরিচালক (চলতি দায়িত্ব) | ০৪/০১/১৯৯৮ | ২৬/০৮/২০০১ |  |
| ১৭ | জনাব মোঃ নুরুন্নবী খান | মহাপরিচালক (চলতি দায়িত্ব) | ২৭/০৮/২০০১ | ২৫/০৯/২০০১ |  |
| ১৮ | জনাব ছাইফুল হক | মহাপরিচালক (চলতি দায়িত্ব) | ২৬/০৯/২০০১ | ২৭/০৯/২০০১ |  |

| ক্রমিক | নাম | পদবী | হতে | পর্যন্ত | ছবি |
|---|---|---|---|---|---|
| ১৯ | জনাব মোঃ নুরুন্নবী খান | মহাপরিচালক (চলতি দায়িত্ব) | ১৩/১১/২০০১ | ২২/০৭/২০০২ |  |
| ২০ | প্রফেসর মোঃ আবুল বাশার | মহাপরিচালক (চলতি দায়িত্ব) | ১৩/১১/২০০১ | ২২/০৭/২০০২ |  |
| | | মহাপরিচালক | ২৩/৭/২০০২ | ২৪/১১/২০০৮ | |
| ২১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২৫/১১/২০০৮ | ২২/০২/২০০৯ |  |
| ২২ | প্রফেসর ড. নিতাই চন্দ্র সূত্রধর | মহাপরিচালক | ২৩/০২/২০০৯ | ০৪/০১/২০১১ |  |
| ২৩ | অধ্যাপক মোঃ আবুল কাশেম | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ০৫/০১/২০১১ | ২১/০৩/২০১২ |  |
| ২৪ | জনাব মোঃ শাহজাহান মিঞাঁ | মহাপরিচালক (ভারপ্রাপ্ত) | ২১/০৩/২০১২ | ২৮/০৬/২০১৫ |  |
| ২৫ | জনাব অশোক কুমার বিশ্বাস (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২৯/০৬/২০১৫ | ২০/০১/২০১৯ |  |
| ২৬ | জনাব রওনক মাহমুদ (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২২/০১/২০১৯ | ৩১/১২/২০১৯ |  |

| ক্রমিক | নাম | পদবী | হতে | পর্যন্ত | ছবি |
|---|---|---|---|---|---|
| ২৭ | জনাব মোঃ সানোয়ার হোসেন (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক | ০১/০১/২০২০ | ০৭/০৩/২০২১ |  |
| ২৮ | ড. মোঃ হেলাল উদ্দিন এনডিসি (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক | ১৪/০৩/২০২১ | ২৫/০১/২০২২ |  |
| ২৯ | ড. মোঃ ওমর ফারুক (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২৬/০১/২০২২ | ১০/০৫/২০২৩ |  |
| ৩০ | মোঃ মহসিন (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২৫/০৩/২০২৩ | ২৪/১০/২০২৩ |  |
| ৩১ | এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ১৫/১০/২০২৩ | ১১/০২/২০২৪ |  |
| ৩২ | মোঃ আজিজ তাহের খান (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ১৩/০২/২০২৪ | ২২/১২/২০২৪ |  |
| ৩৩ | শোয়াইব আহমাদ খান (অতিরিক্ত সচিব) | মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) | ২৩/১২/২০২৪ | ৮/০৮/২০২৫ |  |

# ০১ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভূমিকা

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) ও কার্যাবলি

### ১.১. ভূমিকা:

কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে ১৯৬০ সালে কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। সরকার ২০৩০ সালের মধ্যে 'TVET Implementation Plan (2025-2030)' অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ৩০% এ উন্নীত করার কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এ লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর দেশের বিভিন্ন অঞ্চলে নতুন নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, মাঠপর্যায়ের প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন এবং শিক্ষার্থীদের বৃত্তি ও উপবৃত্তি প্রদান সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন করছে। একইসাথে দেশে-বিদেশে শিক্ষক প্রশিক্ষণ আয়োজন, ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ স্থাপন, যুগোপযোগী কারিকুলাম প্রণয়নে সহযোগিতাকরণ, জব ফেয়ার ও স্কিলস কম্পিটিশনসহ নানাবিধ কর্মসূচি পরিচালনা করছে। যা বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণকে দেশের তৃণমূল পর্যায়ে জনপ্রিয় করে গড়ে তোলার মাধ্যমে দেশের বিশাল জনগোষ্ঠীকে উৎপাদনমুখী মানব সম্পদে রূপান্তর করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখছে।

### অধিদপ্তরের মূল কাজ ৪টি-




### ১.২. রূপকল্প (Vision):

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ যুগোপযোগীকরণ, মানবসম্পদ উন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন এবং জীবনযাত্রার মানোন্নয়ন।

### ১.৩. অভিলক্ষ্য (Mission):

মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নীতি ও কর্মসূচি প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন, আদর্শমান নির্ধারণ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন।

## ১.৪. কার্যাবলি:

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সার্বিক গুণগত মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নিশ্চিতকরণ;
- চাহিদাভিত্তিক কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ উৎসাহিত করণ;
- শিক্ষকের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির উন্নয়ন;
- জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের উপযোগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের চাহিদা নিরূপন;
- স্থানীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা, কর্মসূচী ও প্রকল্প প্রণয়ন;
- শিক্ষকদের মান উন্নয়নের লক্ষ্যে চাহিদা ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন;
- কারিগরি শিক্ষার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক-কর্মচারী নিয়োগ ও যথাসময়ে পদোন্নতি প্রদান;
- দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের উপযোগী মানব সম্পদ তৈরির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প-কারখানার মধ্যে যোগাযোগ বৃদ্ধি ও সমঝোতা স্মারক স্বাক্ষর;
- শিক্ষার্থীদের উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে স্কিলস কম্পিটিশন আয়োজন;
- কারিগরি দক্ষতাসম্পন্ন গ্র্যাজুয়েটদের দ্রুততম সময়ে শিল্প কারখানায় কর্মসংস্থানের লক্ষ্যে জব ফেয়ার আয়োজন;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে বিষয় ভিত্তিক শিক্ষক-কর্মচারীদের চাহিদা কেন্দ্রিক সেমিনার ও কর্মশালার আয়োজন;
- জেন্ডার সমতা বিধানকল্পে কারিগরি শিক্ষায় মহিলাদের উৎসাহিত করতে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন, মহিলা কোটা বৃদ্ধি, মহিলা বান্ধব টেকনোলজি প্রর্বতন এবং শিক্ষা প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা বৃদ্ধি;
- চাকরি বাজারের চাহিদা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় গবেষণা এবং সমীক্ষা পরিচালনা;
- দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনায় সরকারের শীর্ষ সংস্থা হিসেবে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে (UNEVOC, UNESCO, CPSC, ADB, KOICA, JICA, EU, ILO ইত্যাদি) যোগাযোগ স্থাপন;
- যুগোপযোগী ইমার্জিং টেকনোলজি প্রবর্তন;
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ল্যাব/ওয়ার্কশপ আধুনিকায়ণ;
- চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন;
- শিক্ষার গুণগত মান নিশ্চিতের লক্ষ্যে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং।

## সাংগঠনিক কাঠামো (বিদ্যমান ও প্রস্তাবিত):

### কারিগরি শিক্ষা অধিদপ্তর
### বিদ্যমান ও প্রস্তাবিত পদের শাখাভিত্তিক পদবিন্যাস






[বি.দ্র.- বর্তমানে অধিদপ্তরে ডিপ্লোমা ও উচ্চ শিক্ষা শাখা সংশ্লিষ্ট ০১ জন এবং ভোকেশনাল শাখা সংশ্লিষ্ট ০১ জনসহ মোট ০২ জন আয়ন-ব্যয়ন কর্মকর্তা রয়েছে।]


মোট পদ = ২৪+৩ = ২৭টি
পরিচালক-২
(পরিকল্পনা ও উন্নয়ন)
(বিদ্যমান গ্রেড-৩য়)
১× পরিচালক
১× সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর
১× ড্রাইভার
১× অফিস সহায়ক
উপপরিচালক-২
(পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা)
(প্রস্তাবিত গ্রেড - ৫ম)
১× উপপরিচালক
১× সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর
পরিকল্পনা ও উন্নয়ন-১
১× সহকারী পরিচালক-৪
১× প্রকল্প অফিসার
১× ইকুইপমেন্ট অফিসার
১× ড্রাফটসম্যান
১× উচ্চমান সহকারী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক
পরিকল্পনা ও উন্নয়ন-২
১× সহকারী পরিচালক-৫
১× প্রকল্প অফিসার
১× ইকুইপমেন্ট অফিসার
১× ড্রাফটসম্যান
১× উচ্চমান সহকারী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক
গবেষণা এবং বৃত্তি ও উপবৃত্তি
১× সহকারী পরিচালক-৬
১× উচ্চমান সহকারী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক




[বি.দ্র.- ডিপ্লোমা ও উচ্চ শিক্ষা- ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ও পলিটেকনিক ইনস্টিটিউটসমূহ এবং এমপিও শাখা- বিএমটি, এসএসসি (ভোকেশনাল) ও কৃষি ডিপ্লোমা।]

মোট পদ = ২১+৩ = ২৪টি

**পরিচালক-৪**
(ভোকেশনাল শাখা)
(বিদ্যমান গ্রেড-৩য়)

- ১× পরিচালক
- ১× সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর
- ১× ড্রাইভার
- ১× অফিস সহায়ক

**উপপরিচালক-৫**
(ভোকেশনাল শাখা)
(প্রস্তাবিত গ্রেড- ৫ম)

- ১× উপপরিচালক
- ১× সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর
- ১× অফিস সহায়ক

**প্রশাসন ও সংস্থাপন- কর্মকর্তা**
(ভোকেশনাল শাখা)

- ১× সহকারী পরিচালক-১১
- ১× প্রধান সহকারী
- ১× উচ্চমান সহকারী
- ১× সহকারী কাম টাইপিস্ট
- ১ × অফিস সহায়ক

**প্রশাসন ও সংস্থাপন- কর্মচারী**
(ভোকেশনাল শাখা)

- ১× সহকারী পরিচালক-১২
- ১× উচ্চমান সহকারী
- ২× সহকারী কাম টাইপিস্ট
- ১× অফিস মেশিন অপারেটর
- ১× অফিস সহায়ক

**( বাজেট ও অর্থ )**
(ভোকেশনাল শাখা এবং এমপিও ভাতা)

- ১× সহকারী পরিচালক-১৩
- ১× একাউনটেন্ট
- ১× উচ্চমান সহকারী
- ১× ক্যাশিয়ার
- ১× ক্যাশ সরকার
- ১× অফিস সহায়ক

[বি.দ্র.- ভোকেশনাল শাখাভুক্ত প্রতিষ্ঠান- অধিদপ্তরাধীন ভোকেশনাল শাখা, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এবং সেন্ট্রাল স্টোর। ]


মোট পদ = ১৭+৬ = ২৩টি
পরিচালক-৫
(পিআইইউ)
(বিদ্যমান গ্রেড-৩য়)
পদ = ০৪টি
১× পরিচালক
১× সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর
১× ড্রাইভার
১× অফিস সহায়ক
অডিট ও আইন
পূর্ত মেরামত
Management Information Systems (MIS)
&
Innovation
১× সহকারী পরিচালক-১৪
১× উচ্চমান সহকারী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক
১× সহকারী পরিচালক-১৫
১× প্রজেক্ট অফিসার
১× ইকুইপমেন্ট অফিসার
১× এস্টিমেটর
১× প্রধান সহকারী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক
১× প্রোগ্রামার
১× সহকারী প্রোগ্রামার
১× সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী
২× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১× অফিস সহায়ক

## ৩.১. কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের জনবল তথ্য :




কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের জনবলের প্রতিষ্ঠানভিত্তিক বিভাজন :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান সংখ্যা | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১ | ১৪৯ | ১০৩ | ৪৬ |
| ২ | আঞ্চলিক পরিচালকের কার্যালয় | ৪ | ৮৮ | ৪৭ | ৪১ |
| ৩ | ইঞ্জিনিয়ারিং কলেজ | ৪ | ৩১৬ | ১৮৮ | ১২৮ |
| ৪ | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ | ১ | ১৯৫ | ৩১ | ১৬৪ |
| ৫ | ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট | ১ | ১৯৬ | ৩০ | ১৬৬ |
| ৬ | পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট | ৫০ | ১৪৩৯১ | ৬৯১৫ | ৭৪৭৬ |
| ৭ | সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | ১৬৪ (চালুকৃত-১৫৫টি) | ১১৮৪০ | ৪৬১১ | ৭২২৯ |
| ৮ | সেন্ট্রাল স্টোর | ১ | ৩২ | ১০ | ২২ |
| | মোট: | ২৩০ | ২৭২০৭ | ১১৯৩৫ | ১৫২৭২ |

## ৩.২. কারিগরি শিক্ষা অধিদপ্তরের জনবল নিয়োগের তথ্য :

| পদের ধরণ | সরাসরি নিয়োগ | পদোন্নতিতে নিয়োগ | মোট নিয়োগ |
|---|---|---|---|
| শিক্ষক/কর্মকর্তা | ৩২১২ | ১৯৬ | ৩৪০৮ |
| কর্মচারী | ২৫৩ | ২৭ | ২৮০ |
| মোট: | ৩৪৬৫ | ২২৩ | ৩৬৮৮ |



# ০৪ কারিগরি শিক্ষা অধিদপ্তরের শাখাভিত্তিক দায়িত্ব ও কর্মবন্টন

২০১৫ সাল হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের যাবতীয় কার্যক্রম ১২টি শাখাভিত্তিক কার্যক্রমে বিন্যস্ত করে ০৫ জন পরিচালক, ১২ জন সহকারী পরিচালক ও ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে ও তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। প্রশাসনিক কাজের সুবিধার্থে গত ২৩ মার্চ ২০২২ তারিখে শাখাভিত্তিক কার্যক্রম নিম্নরূপে পূনর্বিন্যাস করা হয়:

## ৪.১. অনুবিভাগের নাম: প্রশাসন (কারিগরি শিক্ষা অধিদপ্তর ও আঞ্চলিক পরিচালকের কার্যালয়) ও হিসাব।

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী পরিচালক-১ (প্রশাসন ও হিসাব) | ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস পরিচালনা, সরবরাহ ও সেবা বিষয়ক যাবতীয় কার্যক্রম;<br>২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্দেশিত সকল কাজ;<br>৩। অধিদপ্তরের সাথে বিভিন্ন দপ্তর/সংস্থার সমন্বয় ও অভ্যন্তরীণ সমন্বয় সংক্রান্ত কার্যক্রম;<br>৪। কারিগরি শিক্ষা অধিদপ্তরের রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ক যাবতীয় কার্যক্রম;<br>৫। কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রশাসন, সংস্থাপন কাজ এবং কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/বদলি/পদোন্নতি/প্রেষণ/সংযুক্তিসহ চাকরি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;<br>৬। ৮টি বিভাগীয় আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের প্রশাসন ও সংস্থাপন বিষয়ক কাজ এবং কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/বদলি/ পদোন্নতি/প্রেষণ/ সংযুক্তিসহ চাকরি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;<br>৭। প্রশাসনিক কর্মকর্তা ও কেয়ারটেকার এর কার্যাবলি তদারকিকরণ;<br>৮। জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপন ও ব্যবস্থাপনা;<br>৯। হিসাব বিষয়ক কার্যক্রম:<br>১. বিল সংক্রান্ত:<br>ক) ক্রয় সংক্রান্ত বিল;<br>খ) ইউটিলিটি বিল;<br>গ) বেতন ভাতা বিল;<br>ঘ) বিলের আপত্তি নিস্পত্তি;<br>ঙ) অডিট আপত্তি নিস্পত্তি;<br>চ) টিএ বিলের অনুমোদন;<br>ছ) ভূমি উন্নয়ন কর পরিশোধ;<br>২. আর্থিক বিধি বিধানের আলোকে অন্যান্য কাজ:<br>ক) মাসিক খরচের হিসাব বিবরণী প্রস্তুতকরণ;<br>খ) সিএও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হিসাবের সাথে সমন্বয় সাধন; | ২ জন সংযুক্ত কর্মকর্তা | পরিচালক প্রশাসন (১,২,১১) |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | গ) বাৎসরিক বাজেট প্রনয়ণ;<br>ঘ) কারিগরি শিক্ষা অধিদপ্তরের সিডিউল ও অন্যান্য প্রতিষ্ঠান হতে প্রেরিত সিডিউল বিক্রিকরণ;<br>ঙ) নন-ট্যাক্স রেভিনিউ সংক্রান্ত চিঠিপত্র প্রস্তুতকরণ;<br>চ) গৃহ নির্মাণ অগ্রিম, মটর সাইকেল অগ্রিম, কম্পিউটার অগ্রিম সংক্রান্ত ঋণ পরিশোধের পরিপ্রেক্ষিতে সুদের হিসাব প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ এবং আপত্তি ও সার্ভিস বুক আপত্তি নিস্পত্তিকরণ;<br>ছ) রোডম্যাপ সংক্রান্ত চিঠিপত্র প্রস্তুতকরণ;<br>জ) এল.পি.সি সংক্রান্ত চিঠিপত্র প্রস্তুতকরণ;<br>ঝ) ভ্যাট কর্তন সংক্রান্ত চিঠিপত্র প্রস্তুতকরণ;<br>ঞ) অডিট আপত্তির জবাব প্রস্তুতকরণ;<br>ট) কর্মচারীদের জিপিএফ, মটর সাইকেল ও গৃহ নির্মাণ ঋণ কর্তনের হিসাব বিবরণী প্রস্তুতকরণ;<br>ঠ) অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের বৃত্তি সংক্রান্ত বাজেট প্রণয়ন ও বন্টন;<br>ড) অনলাইনে ভর্তি সংক্রান্ত অর্থনৈতিক যাবতীয় কার্যক্রম গ্রহণ;<br>৩. অধিদপ্তরের অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পাদন:<br>ক) শাখাভিত্তিক চাহিদাপত্র গ্রহণ;<br>খ) ক্রয়যোগ্য মালামালের তালিকা প্রস্তুতকরণ;<br>গ) বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন;<br>ঘ) টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ;<br>ঙ) উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন;<br>১০। বাজেট সংক্রান্ত:<br>ক) অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক চাহিদা অনুযায়ী কোডভিত্তিক তথ্য সংগ্রহ;<br>খ) চাহিদাভিত্তিক বাজেট অনুযায়ী বাৎসরিক বাজেট প্রণয়ন;<br>গ) প্রণয়নকৃত বাজেট মন্ত্রণালয়ে প্রেরণ এবং iBAS++ এ এন্ট্রিকরণ;<br>ঘ) মন্ত্রণালয় হতে প্রাপ্ত বাজেট অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানে বিভাজন;<br>ঙ) বিভাজন অনুযায়ী অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ প্রদান;<br>চ) সংশোধিত বাজেট প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণ;<br>ছ) সংশোধিত বাজেট iBAS++ এ এন্ট্রিকরণ;<br>জ) প্রস্তাবিত বাজেট প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণ;<br>ঝ) সারেন্ডার রিপোর্ট তৈরি ও মন্ত্রণালয়ে প্রেরণ;<br>১১। প্রকিউরমেন্ট প্লান অনুমোদন সংক্রান্ত কার্যাবলী:<br>ক) অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের বার্ষিক প্রকিউরমেন্ট প্লান যাচাই-বাছাই পূর্বক অনুমোদন;<br>খ) অনুমোদিত বার্ষিক প্রকিউরমেন্ট প্লান অনুযায়ী ব্যয় মঞ্জুরি;<br>গ) বিগত বছরের ব্যয়োত্তর মঞ্জুরি প্রদান;<br>১২। বাজেট সংক্রান্ত অন্যান্য কাজ: | | |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ক) বাজেট সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;<br>খ) ব্যয় পরিকল্পনা প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণ;<br>গ) মাসিক হিসাব বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ;<br>১৩। প্রটোকল;<br>১৪। অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নৈমিত্তিক ছুটি সংরক্ষণ;<br>১৫। কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন।<br>১। ইস্যু ডেসপাস:<br>ক) বহিরাগত সকল প্রকার চিঠিপত্র গ্রহণ;<br>খ) অভ্যন্তরীণ পত্রাদি বিতরণ;<br>গ) চিঠিপত্র ডাকযোগে ও হাতে হাতে প্রেরণ;<br>ঘ) সার্ভিস স্ট্যাম্প এর হিসাব সংরক্ষণ;<br>২। পরিষ্কার-পরিচ্ছন্নতা:<br>ক) পরিচ্ছন্নতা কর্মীদের কর্মবন্টন;<br>খ) পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম তদারকিকরণ;<br>৩। যানবাহন:<br>ক) যানবাহনের চালক বিভাজন ও নিয়ন্ত্রণ;<br>খ) যানবাহনের ট্যাক্স টোকেন ও ফিটনেস সংক্রান্ত;<br>গ) সচিবালয়ে প্রবেশের জন্য যানবাহনের স্টিকার সংক্রান্ত;<br>ঘ) মেরামতের কোটেশন ও বিল ভাউচার প্রক্রিয়াকরণ সংক্রান্ত;<br>ঙ) গাড়ীচালকদের অধিকাল ভাতার প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত;<br>চ) যানবাহনের রেকর্ড সংরক্ষণ ও বিবিধ;<br>৪। নিরাপত্তা:<br>ক) নিরাপত্তা সিডিউল প্রস্তুতকরণ;<br>খ) নিরাপত্তা কর্মীদের কার্যক্রম তদারকিকরণ;<br>গ) ভবনের বিভিন্ন কমন কক্ষ হেফাজতকরণ;<br>৫। মেইনটেন্যান্স:<br>ক) ভবনের ছোটখাট মেরামত কার্য সম্পাদন;<br>খ) বিদ্যুৎ ও টেলিফোন সচল রাখার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;<br>গ) ভবনের পানির পাম্প, পানির লাইন, ট্যাংক, জেনারেটর, পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা রক্ষণাবেক্ষণ;<br>৬। স্টোর:<br>ক) টেন্ডারের জন্য মা লামালের তালিকা সংগ্রহকরণ;<br>খ) কোটেশনের জন্য তালিকা সংগ্রহকরণ;<br>গ) টেন্ডার, কোটেশন প্রক্রিয়াকরণ;<br>ঘ) নিলাম কার্যক্রম প্রক্রিয়াকরণ;<br>৭। বঙ্গবন্ধু কর্ণার ও লাইব্রেরি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;<br>৮। ফ্রন্ট ডেস্ক:<br>ক) অনুসন্ধান ও প্রত্যাশিত সেবা প্রদানে সার্বিক সহযোগিতা;<br>খ) আগত দর্শনার্থীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ;<br>গ) অধিদপ্তরের অভ্যন্তরে প্রবেশকারী সেবা প্রার্থীদের তথ্য লিপিবদ্ধকরণ। | প্রশাসনিক কর্মকর্তা | |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০২ | সহকারী পরিচালক-২ (সমন্বয় ও এপিএ এবং আইসিটি) | অর্গ্যানোগ্রাম:<br>১। অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো/ টিওএন্ডই (TO&E) সংশোধন/সংযোজন ও পুনর্বিন্যাসকরণ;<br>২। অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য প্রয়োজনীয় নতুন পদ সৃজন;<br>৩। অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার ও নন-ক্যাডার নিয়োগ বিধিমালার সংশোধন, সংযোজন ও হালনাগাদকরণ। | অর্গানোগ্রাম ১ জন সংযুক্ত কর্মকর্তা | |
| | | ১। NIS, GRS ইত্যাদি বিষয়ক কার্যক্রম;<br>২। সিটিজেন চার্টার;<br>৩। মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন এবং ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ;<br>৪। মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন এবং ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন মূল্যায়ন।<br>৫। মাসিক সমন্বয় সভা আয়োজন, তথ্য সংগ্রহ, সভার কার্যবিবরণী ও সভার অন্যান্য কাজ;<br>৬। মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত কাজ;<br>৭। জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রস্তুত সংক্রান্ত কাজ;<br>৮। সচিবসভা ও মন্ত্রিসভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত কাজ;<br>৯। তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রদান; | সমন্বয় ও এপিএ ১ জন সংযুক্ত কর্মকর্তা | |
| | আইসিটি | ১। অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের হালনাগাদ ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ;<br>২। Online Personal Information Management System (PIMS) পরিচালনা এবং আপডেটকরণ;<br>৩। অধিদপ্তরাধীন সকল সেকশন এর কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি সম্পর্কিত সাপোর্ট;<br>৪। Local Area Networking (LAN) & Internet Support;<br>৫। E-mail Correspondence;<br>৬। Website Updating (daily basis);<br>৭। অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা এবং কর্মচারীদের আইডি কার্ড তৈরি এবং বিতরণ;<br>৮। MPO ও উপবৃত্তি সংক্রান্ত ডাটাবেজ সফটওয়্যার স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;<br>৯। অধিদপ্তরের সকল চিঠিপত্র ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ;<br>১০। আইসিটি সম্পর্কিত বিভিন্ন ধরনের ট্রেনিং কোর্স পরিচালনা;<br>১১। ই-সার্ভিস চালুকরণ ও ডকুমেন্টটেশন;<br>১২। ই-ফাইলিং এবং ই-জিপি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;<br>১৩। অধিদপ্তরের সকল কার্যক্রমের অটোমেশন/ডিজিটাইজেশন সংক্রান্ত কাজ;<br>১৪। কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন। | আইসিটি ১ জন ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ জন ইকুইপমেন্ট অফিসার ও ১ জন সংযুক্ত কর্মকর্তা | |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩ | উপপরিচালক (এমপিও) সহকারী পরিচালক-১১ (এমপিও) | ১। এমপিওভুক্ত প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পরিদর্শন;<br>২। এমপিও বাস্তবায়ন অটোমেশন/অনলাইন কার্যক্রম বাস্তবায়ন ও চালুকরণ;<br>৩। এমপিওভুক্ত প্রতিষ্ঠানসমূহ এবং এমপিওভুক্ত শিক্ষক/কর্মচারীদের ডাটাবেইজ তৈরি ও নিয়মিত আপডেটকরণ;<br>৪। এমপিওভুক্ত প্রতিষ্ঠানসমূহের সামগ্রিক কার্যক্রম নিয়ে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ;<br>৫। এমপিও কার্যক্রমের মাসিক বিবরণ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকরণ;<br>৬। বেসরকারি এমপিওভুক্ত প্রতিষ্ঠানের এমপিও, টাইমস্কেল, বিএড স্কেল এর আবেদনসমূহ গ্রহণ ও উপস্থাপন;<br>৭। শিক্ষক-কর্মচারী নিয়োগে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কার্যক্রম;<br>৮। এমপিও, টাইমস্কেল, বিএড স্কেল এর আবেদন/সংযুক্তি/অভিযোগ ইত্যাদি নিষ্পত্তিকরণ;<br>৯। এমপিও শীট হতে নাম কর্তনের আবেদন নিষ্পত্তিকরণ;<br>১০। এমপিও, টাইমস্কেল, বিএড স্কেল এর আবেদনসমূহ যাচাইয়ে অসংগতি/প্রয়োজনীয় তথ্যাদি প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ;<br>১১। এমপিওভুক্ত প্রতিষ্ঠানের নাম পরিবর্তন/সংশোধন বিষয়ে আবেদন গ্রহণ ও নথি উপস্থাপন;<br>১২। আগত দর্শনার্থীদের জিজ্ঞাসা মতে তথ্য ও পরামর্শ প্রদান;<br>১৩। অভিযোগ বিষয়ে প্রয়োজনে তদন্ত কমিটি গঠন ও প্রতিবেদন উপস্থাপন;<br>১৪। এমপিও সংক্রান্ত সভা অহবান এবং যোগাযোগ;<br>১৫। এমপিও সংক্রান্ত সভায় উপস্থাপনের জন্য সারসংক্ষেপ ও কার্যপত্র প্রস্তুতকরণ;<br>১৬। এমপিও সংক্রান্ত সভায় অনুমোদিত শিক্ষক-কর্মচারীদের ঘাটতি তথ্য বিষয়ে অবহিত করে প্রতিষ্ঠানে পত্র প্রেরণ;<br>১৭। বাজেট প্রণয়ন, বন্টন ও অডিট বিষয়ক সকল কার্যক্রম বাস্তবায়ন;<br>১৮। বেতন ভাতা বিল প্রদানের বিষয়ে ওয়েবসাইটে পত্র প্রচারের ব্যবস্থাকরণ;<br>১৯। কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত শাখা সংশ্লিষ্ট সকল দায়িত্ব পালন। | ৬ জন সংযুক্ত কর্মকর্তা ও ২ জন সেকশন অফিসার | |

## ৪.২.অনুবিভাগের নাম: পিআইডব্লিউ (ইঞ্জিনয়ারিং কলেজ, টিটিটিসি ও পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহের প্রশাসন, সকল প্রশিক্ষণ এবং মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন)।

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪ | (প্রশাসন ও সংস্থাপন -১০ম হতে তদূর্ধ্ব গ্রেডের পদ) | ১. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি/ পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/গ্লাস অ্যান্ড সিরামিকস ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউটসমূহের প্রশাসন ও সংস্থাপন বিষয়ক যাবতীয় কার্যক্রম:<br>ক) অধ্যক্ষ/উপাধ্যক্ষ/অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/ চীফ ইনস্ট্রাক্টর/ইনস্ট্রাক্টর/ওয়ার্কশপ সুপার/লেকচারার /মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/জুনিয়র ইনস্ট্রাক্টর/ ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর ও সমমান পদে নিয়োগ/বদলি/পদোন্নতি/প্রেষণ/সংযুক্তি ইত্যাদি সংক্রান্ত;<br>খ) বিভাগীয় /সিনিয়র স্কেল /উচ্চতর স্কেল পরীক্ষার মনোনয়ন;<br>গ) সিলেকশন গ্রেড/উচ্চতর স্কেল/বেতন নির্ধারণ/বেতন সমতা ইত্যাদি সংক্রান্ত;<br>ঘ) পি.আর.এল/পেনশন/জিপিএফ চূড়ান্ত অনুমোদন;<br>ঙ) ৫ম হতে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের ছুটি/শ্রান্তি বিনোদন ছুটি অনুমোদন;<br>চ) জনবলের তথ্য সংগ্রহ/সংরক্ষণ/প্রতিবেদন/পরিসংখ্যান ইত্যাদি সংক্রান্ত;<br>ছ) বিভাগীয় মামলা;<br>২. বিবিধ:<br>ক) ৫ম হতে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের পাসপোর্ট তৈরির অনুমতি;<br>খ) গ্রেডেশন তালিকা প্রণয়ন/হালনাগাদকরণ;<br>গ) সেমিনার/কর্মশালাসহ বিভিন্ন কমিটিতে প্রতিনিধি মনোনয়ন;<br>ঘ) তদন্ত কার্যক্রম;<br>ঙ) অধিদপ্তরে অনুষ্ঠিত সভার রেজুলেশন লেখা ও চূড়ান্তকরণ;<br>চ) কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন। | ২ জন সংযুক্ত কর্মকর্তা | পরিচালক (পিআইডব্লিউ) (৩, ৪, ১২) |
| ০৫ | সহকারী পরিচালক-৪ (১১তম হতে ২০তম গ্রেডের পদ) | ১. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজ/ টিটিটিসি / পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/গ্লাস অ্যান্ড সিরামিকস ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউটসমূহের ১১তম হতে ২০তম গ্রেডের পদধারীদের প্রশাসন ও সংস্থাপন বিষয়ক যাবতীয় কার্যক্রম:<br>ক) নিয়োগ/বদলি/পদোন্নতি/প্রেষণ/সংযুক্তি ইত্যাদি সংক্রান্ত;<br>খ) টাইম স্কেল/বেতন নির্ধারণ/বেতন সমতা ইত্যাদি সংক্রান্ত;<br>গ) পি.আর.এল/পেনশন/জিপিএফ চূড়ান্ত অনুমোদন;<br>ঙ) জনবলের তথ্য সংগ্রহ/সংরক্ষণ/প্রতিবেদন/পরিসংখ্যান ইত্যাদি সংক্রান্ত;<br>চ) বিভাগীয় মামলা;<br>২. বিবিধ:<br>ক) গ্রেডেশন তালিকা প্রণয়ন/হালনাগাদকরণ;<br>খ) তদন্ত কার্যক্রম;<br>গ) অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ১১তম হতে ২০তম গ্রেডের পদধারীদের সার্ভিস বহি সংরক্ষণসহ যাবতীয় কার্যক্রম;<br>ঘ) কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন। | | |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৬ | সহকারী পরিচালক-১২ (প্রশিক্ষণ ও মনিটরিং) | ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;<br>২। টিএসসি, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহের সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;<br>০৩। টিটিটিসি ও ভিটিটিআই এর সামগ্রিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা দান ও তদারকিকরণ;<br>৪। বুনিয়াদি ও বেসিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন;<br>৫। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর অধীন প্রতিষ্ঠানসমূহের ইন-হাউজ প্রশিক্ষণের প্রশাসনিক অনুমোদন;<br>৬। বিভিন্ন সভা/সেমিনার/ওয়ার্কসপে অংশগ্রহণকারী মনোনয়ন;<br>৭। যুগপৎভাবে পরিচালক (পিআইডব্লিউ) ও পরিচালক (ভোকেশনাল) এর অধীনে প্রশিক্ষণ সংক্রান্ত দায়িত্ব পালন; | ২ জন সংযুক্ত কর্মকর্তা | |
| | | ১। মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহ একাডেমিক ও আর্থিক মনিটরিংয়ের জন্য বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুতকরণ, প্রয়োজনীয় চেকলিস্ট ও নির্দেশনা তৈরি কাজ তদারকিকরণ;<br>২। মনিটরিং প্রতিবেদন সংকলন ও সংরক্ষণ এবং ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন প্রতিবেদন ও অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত কাজ তদারকিকরণ;<br>৩। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন। | প্রশিক্ষণ (সকল) ২ জন সংযুক্ত কর্মকর্তা | |

৪.৩. **অনুবিভাগের নাম:** ভোকেশনাল (ভিটিটিআই, সেন্ট্রাল স্টোর ও টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের প্রশাসন ও অর্থ এবং আইন সেল)।

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৭ | সহকারী পরিচালক-৫ (প্রশাসন ও সংস্থাপন- ভোকেশনাল) | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ভোকেশনাল অনুবিভাগ/ভিটিটিআই/ সেন্ট্রাল স্টোর/টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের নিম্নলিখিত প্রশাসনিক ও সংস্থাপন বিষয়ক কার্যাদি সম্পাদন:<br>১। নিয়োগ/বদলি/পদোন্নতি/প্রেষণ/সংযুক্তি ইত্যাদি সংক্রান্ত কাজ;<br>২। মন্ত্রণালয় সংক্রান্ত অন্যান্য কাজ;<br>৩। ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত কাজ তদারকিকরণ;<br>৪। গ্রেডেশন তালিকা প্রস্তুতকরণ ও হালনাগাদকরণ;<br>৫। কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের পাসপোর্ট করার অনুমোদন;<br>৬। বিভাগীয় মামলা ও তদন্ত কার্যক্রম;<br>৭। ছুটি সংক্রান্ত কার্যক্রম;<br>৮। ৫ম গ্রেডের কর্মকর্তাদের পাসপোর্ট তৈরির অনুমতি;<br>৯। চাকরি নিয়মিতকরণ;<br>১০। চাকরি স্থায়ীকরণ;<br>১১। টাইমস্কেল ও সিলেকশন গ্রেড;<br>১২। ভূমি উন্নয়নে বিভিন্ন আদেশ ও ভূমি সংক্রান্ত দলিল পত্র সংরক্ষণ সংক্রান্ত;<br>১৩। প্রত্যয়ন সংক্রান্ত কাজ;<br>১৪। চিঠিপত্র রেজিস্ট্রারে লিপিবদ্ধকরণ ও বন্টন সংক্রান্ত;<br>১৫। জনবলের তথ্যাবলী হালনাগাদকরণ; | ২ জন সংযুক্ত কর্মকর্তা | ৪ জন সংযুক্ত কর্মকর্তা |

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ১৬। প্রশাসনিক অনুমোদন ও বদলি বিষয়ক কার্যক্রম;<br>১৭। কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের চাকরির আবেদন অগ্রায়ন সংক্রান্ত কার্যক্রম;<br>১৮। কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন। | | |
| ০৮ | সহকারী পরিচালক-৬ (ডিডিও-ভোকেশনাল ও আইন) | ১। জিপিএফ অগ্রিম সংক্রান্ত কাজ;<br>২। বার্ষিক বর্ধিত বেতন ও সার্ভিস বহির কার্যক্রম গ্রহণ ও সংরক্ষণ;<br>৩। যাবতীয় বেতন ভাতা বিল;<br>৪। প্রশিক্ষণ বিল;<br>৫। ক্রয় সংক্রান্ত বিল;<br>৬। বেতন ও ক্রয় সংক্রান্ত বিলের চেক/ক্যাশ বন্টন এবং ক্যাশ বহি লিখন;<br>৭। বেসিক ট্রেডের বিল প্রস্তুত, চেক বন্টন ও ক্যাশ বহি লিখন;<br>৮। দপ্তর/প্রতিষ্ঠানসমূহের ভ্রমণ ভাতা বিল অনুমোদন;<br>৯। মাসিক খরচের হিসাবের সংগতি সাধন;<br>১০। বাজেট চাহিদা আনয়ন ও লিপিবদ্ধকরণ এবং বাজেট চাহিদা অনুযায়ী বিভাজন ও বরাদ্দ প্রদান;<br>১১। বাজেট ব্যবস্থাপনা সভায় তথ্য প্রদান;<br>১২। বাৎসরিক ক্রয় পরিকল্পনা অনুমোদন;<br>১৩। টেন্ডার/ক্রয় সংক্রান্ত ব্যয় মঞ্জুরি প্রদান;<br>১৪। আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ও সংগতি সাধন;<br>১৫। কর ব্যতিত রাজস্ব প্রাপ্তি বর্ধিতকরণ ও হিসাব সংরক্ষণ;<br>১৬। ছাত্র-ছাত্রীদের তথ্য ও বৃত্তি সংক্রান্ত যাবতীয় কাজ;<br>১৭। পদ সংরক্ষণ (জবঃবহঃরড়হ) কার্যক্রম সংক্রান্ত কাজ;<br>১৮। মাসিক আয় ও ব্যয়ের হিসাব (১৩৮টি দপ্তর/প্রতিষ্ঠান) লিপিবদ্ধকরণ ও মন্ত্রণালয়ে প্রেরণ;<br>১৯। প্রতিষ্ঠানভিত্তিক সাহায্য মঞ্জুরির জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ;<br>২০। মঞ্জুরিকৃত সাহায্য বন্টন;<br>২১। অঙ্গীকারনামার জন্য পত্র প্রেরণ;<br>২২। মঞ্জুরিকৃত সাহায্য অনুযায়ী চেক লিখন ও প্রতিষ্ঠানে প্রেরণ;<br>২৩। বন্টনকৃত অর্থের হিসাব ক্যাশ বহিতে লিপিবদ্ধকরণ;<br>২৪। ভোকেশনাল শাখায় মালামাল ক্রয় ও সংরক্ষণ সংক্রান্ত কাজ;<br>২৫। নিলাম সংক্রান্ত কাজ;<br>২৬। ওয়ার্ক অর্ডার সংক্রান্ত কাজ;<br>২৭। কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের বিদেশ ভ্রমণ;<br>২৮। বেতন সমতাকরণ;<br>২৯। বিনা বেতনে ও অর্জিত ছুটি মঞ্জুরি;<br>৩০। আয়ন-ব্যয়ন সংক্রান্ত অফিস আদেশের কাজ;<br>৩১। ৫ম গ্রেডের কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি অনুমোদন ও ভাতা মঞ্জুরি;<br>৩২। দক্ষতা সীমা অতিক্রম সংক্রান্ত কাজ;<br>৩৩। বিভিন্ন সভার সমন্বয় সাধন;<br>৩৪। পেনশন ও অবসর প্রস্তুতিমূলক ছুটি মঞ্জুরি সংক্রান্ত কাজ;<br>৩৫। জিপিএফ চূড়ান্ত উত্তোলন সংক্রান্ত কাজ;<br>৩৬। কল্যাণ তহবিল সংক্রান্ত যাবতীয় কাজ;<br>৩৭। গৃহ নির্মাণ, মোটর সাইকেল, মোটর গাড়ী ও কম্পিউটার অগ্রিম ঋণ গ্রহণ ও মওকুফ সংক্রান্ত;<br>৩৮। কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালন। | প্রশিক্ষণ (সকল) ২ জন সংযুক্ত কর্মকর্তা | ২ জন সংযুক্ত কর্মকর্তা |

## ৪.৪. অনুবিভাগের নাম: প্রজেক্ট প্লানিং এন্ড ইমপ্লিমেন্টশন (পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা)।

| ক্র. নং | শাখার নাম | কাজের বিবরণ | সংযুক্ত শাখা/ কর্মকর্তা | তত্ত্বাবধানকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | ১৩। প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্র -২ কপিসহ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন।<br>গ) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলে:<br>১। পারিবারিক পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)-২ কপি;<br>২। সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারীগণের)-০৫ কপি;<br>৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণের বয়স ১৮ বৎসরের নিচে হইলে জন্ম সনদ এবং বয়স ১৮ বৎসরের উপরে হইলে জাতীয় পরিচয়পত্র) -০২ কপি;<br>৪। উত্তরাধিকারী সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)- ০৪ কপি (মূল কপি);<br>৫। অভিভাবক মনোনয়ন এবং অবসরভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পন সনদ (সংযোজনী-৭)- ০৪ কপি (মূল কপি) ;<br>৬। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)- ০৪ কপি (মূল কপি) ;<br>৭। চিকিৎসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যুসনদ-২ কপি;<br>৮। অবসরভাত মঞ্জুরি পত্র-০২ কপি;<br>৯। পিপিও মূলকপিসহ ফটোকপি -২ কপি;<br>১০। প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্র -২ কপিসহ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন। | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১২. | প্রতিষ্ঠানের অধ্যক্ষদের অবসর/ পিআরএল প্রস্তাব নিষ্পত্তির লক্ষ্যে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ | কলাম-৪ এ বর্ণিত কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন | ক) আবেদন পত্র<br>খ) এজি কর্তৃক ছুটির হিসাব বিবরণী<br>গ) ইএলপিসির মূল কপি<br>ঘ) না দাবী সনদপত্র<br>ঙ) SSC সনদ<br>চ) পিআরএল ফরম | বিনামূল্যে | ১৫ দিন | ক) জনাব মোঃ মাহবুবুর রহমান<br>সহকারী পরিচালক-৩<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৮<br>ইমেইল: dtead3.2013@gmail.com<br>[টিটিটিসি/ইঞ্জি. কলেজ/পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট: ১০ম হতে তদূর্ধ্ব গ্রেডের পদের জন্য]<br>খ) জনাব নাসরীন সুলতানা<br>সহকারী পরিচালক-৬<br>মোবাইল: ০১৬৮০০৬২২০৬<br>ই-মেইল: advocddo@gmail.com<br>(টিএসসি সকল পদের জন্য) |
| ১৩. | প্রতিষ্ঠানের অধ্যক্ষদের চূড়ান্ত অবসর প্রস্তাব নিষ্পত্তির লক্ষ্যে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ | কলাম-৪ এ বর্ণিত কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন | ১। নিয়োগ আদেশ;<br>২। ১ম যোগদানের কপি;<br>৩। শেষ কর্মরত প্রতিষ্ঠানের যোগদান কপি;<br>ক) কর্মচারী নিজের অবসরগ্রহণের ক্ষেত্রে:<br>১। পেনশন আবেদন ফরম ২.১ (সংযোজনী-৪)-২ কপি;<br>২। নন-গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে সর্বশেষ ৩ বৎসরের চাকরির বিবরণী/ এলপিসি- মূলকপিসহ ০২ কপি;<br>৩। অবসর ও পিআরএল-এ গমনের মঞ্জুরিপত্র -০২ কপি;<br>৪। প্রত্যাশিত শেষ বেতনপত্র/শেষ বেতনপত্র-মূলকপিসহ -০২ কপি;<br>৫। সত্যায়িত ছবি-০৫ কপি;<br>৬। জাতীয় পরিচয়পত্র-০২ কপি।<br>৭। চাকরি স্থায়ীকরণ/ নিয়মিতকরণ আদেশ (উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব খাতে স্থানান্তরিত, আত্মীকরণের মাধ্যমে যোগদান, এডহক ভিত্তিতে নিয়োগকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য) -০২ কপি; | বিনামূল্যে | ১৫ দিন | ক) জনাব মোঃ মাহবুবুর রহমান<br>সহকারী পরিচালক-৩<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৮<br>ইমেইল: dtead3.2013@gmail.com<br>[টিটিটিসি/ইঞ্জি. কলেজ/পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট: ১০ম হতে তদূর্ধ্ব গ্রেডের পদের জন্য]<br>খ) জনাব নাসরীন সুলতানা<br>সহকারী পরিচালক-৬<br>মোবাইল: ০১৬৮০০৬২২০৬<br>ই-মেইল: advocddo@gmail.com<br>(টিএসসি সকল পদের জন্য) |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | ৮। প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (সংযোজনী-২)- ০৪ কপি (মূল কপি);<br>৯। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)- ০৪ কপি (মূল কপি);<br>১০। না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)-০২ কপি;<br>১১। অডিট আপত্তি সম্পর্কিত প্রত্যয়নপত্রসহ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন।<br>১২। পিআরএল ফরম<br># পারিবারিক পেনশন:<br>খ) পেনশন মঞ্জুরির পূর্বেই সরকারি কর্মচারীর মৃত্যু হইলে:<br>১। পারিবারিক পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)-২ কপি;<br>২। নন-গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড কর্মচারীগণের ক্ষেত্রে সর্বশেষ ৩ বৎসরের চাকরির বিবরণী মূলকপিসহ ০২ কপি;<br>৩। অবসর ও পিআরএল-এ গমনের মঞ্জুরিপত্র -০২ কপি;<br>৪। প্রত্যাশিত শেষ বেতনপত্র/শেষ বেতনপত্র-মূলকপিসহ -০২ কপি;<br>৫। সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারীগণের)-০৫ কপি;<br>৬। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (উত্তরাধিকারী/ উত্তরাধিকারীগণের বয়স ১৮ বৎসরের নিচে হইলে জন্ম সনদ এবং বয়স ১৮ বৎসরের উপরে হইলে জাতীয় পরিচয়পত্র) -০২ কপি;<br>৭। উত্তরাধিকারী সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)- ০৪ কপি (মূল কপি); | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | ৮। অভিভাবক মনোনয়ন এবং অবসরভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পন সনদ (সংযোজনী-৭)- ০৪ কপি (মূল কপি);<br>২। সত্যায়িত ছবি (স্বামী/স্ত্রী/উত্তরাধিকারীগণের)-০৫ কপি;<br>৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণের বয়স ১৮ বৎসরের নিচে হইলে জন্ম সনদ এবং বয়স ১৮ বৎসরের উপরে হইলে জাতীয় পরিচয়পত্র) -০২ কপি;<br>৪। উত্তরাধিকারী সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)- ০৪ কপি (মূল কপি);<br>৫। অভিভাবক মনোনয়ন এবং অবসরভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পন সনদ (সংযোজনী-৭)- ০৪ কপি (মূল কপি) ;<br>৬। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)- ০৪ কপি (মূল কপি) ;<br>৭। চিকিৎসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যুসনদ-২ কপি;<br>৮। অবসরভাত মঞ্জুরি পত্র-০২ কপি;<br>৯। পিপিও মূলকপিসহ ফটোকপি -২ কপি;<br>১০। প্রতিবন্ধী সন্তানের (যদি থাকে) নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্র -২ কপিসহ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন। | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৪. | ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋন মঞ্জুরীর আবেদন TMED এর মাধ্যমে অর্থমন্ত্রণালয়ে প্রেরণ | কলাম ৪ এ বর্ণিত কাগজপত্রসহ DTE তে প্রেরণ | কাশিঅ/জনপ্রশাসন এর ওয়েবসাইট www.techedu.gov.bd<br>১। ব্যক্তিগত আবেদন পত্র<br>২। ব্যাংক কর্তৃক সাময়িক মঞ্জুরীপত্র<br>৩। বিভাগীয় মামলা/দুর্নীতি দমন ব্যুরো কর্তৃক মামলা নাই মর্মে অধ্যক্ষের প্রত্যয়নপত্র<br>৪। অধ্যক্ষ কর্তৃক ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ বিনিয়োগের প্রাপ্যতা সংক্রান্ত প্রত্যয়ণপত্র<br>৫। অনলাইন বেতন বিল<br>৬। কর্মচারীর ব্যক্তিগত ও ব্যাংক হতে গৃহীত ঋণ সংক্রান্ত তথ্যাবলী (ফরম-৩)<br>৭। ব্যাংক কর্তৃক প্রদত্ত পেমেন্ট সিডিউল<br>৮। পিডিএস (পারসোনাল ডাটা শীট) | বিনামূল্যে | ২০ দিন | ক) জনাব মোঃ মাহবুবুর রহমান<br>সহকারী পরিচালক-৩<br>ফোন: ৮৮-০২-৪১০২৪৫৯৮<br>ইমেইল: dtead3.2013@gmail.com<br>[টিটিটিসি/ইঞ্জি. কলেজ/পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট: ১০ম হতে তদূর্ধ্ব গ্রেডের পদের জন্য]<br>খ) খন্দকার হুমায়ুন কবীর<br>সহকারী পরিচালক-০৪<br>মোবাইল : ০১৯১৪৮৯৬১৪৮<br>ই-মেইল: dte.ec.ad4@gmail.com<br>[টিটিটিসি/ইঞ্জি. কলেজ/পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট: ১১ম হতে ২০তম গ্রেডের পদের জন্য]<br><br>গ) জনাব নাসরীন সুলতানা<br>সহকারী পরিচালক-৬<br>মোবাইল: ০১৬৮০০৬২২০৬<br>ই-মেইল: advocddo@gmail.com<br>[টিএসসি: সকল পদের জন্য] |
| ১৫. | অধিদপ্তর ও অধিদপ্তরাধীন কর্মকর্তা / কর্মচারীদের গোপনীয় অনুবেদন সিআর শাখায় প্রাপ্তিস্বীকার প্রদান | ই-মেইলে/পত্র | প্রযোজ্য নয়। | বিনামূল্যে | তাৎক্ষণিক / সর্বোচ্চ ০১ দিন | (ক) জনাব দিপংকর নন্দী<br>সহকারী পরিচালক-৯<br>ফোন: ৮৮-০২-৪৮১১০৬৫৮<br>ই-মেইল: dte.piu.ad9@gmail.com<br><br>(খ) জোবাইদা আখতার<br>সংযুক্ত কর্মকর্তা (এসিআর শাখা) [মূলত: ইন্সট্রাক্টর (নন-টেক), টিএসসি]<br>মোবাইল: ০১৭১৪৬৪৪৭৫৯<br>ই-মেইল: gtsc.angkon@gmail.com |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবি, ফোন এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৬. | স্টোর হতে চাহিদা মোতাবেক দ্রব্য সরবরাহ | ইনডেন্ট বুকের মাধ্যমে চাহিত মালামাল অনুমোদন সাপেক্ষে সরবরাহ। | ইনডেন্ট বুক<br>স্টোর | বিনামূল্যে | ১ কার্যদিবস | ক) জনাব মোঃ আবদুল জব্বার<br>স্টোরকিপার<br>ফোন: ০১৯১৬৫৮৯৮৩১<br>ইমেইল: ajrjabber@gmail.com<br>খ) জনাব মোঃ আব্দুল হান্নান<br>ফোন: ০১৩০২-৪৪৪৬৪৫ |

## ৫.২.৪. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি

সেবাপ্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধানে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|
| ১ | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধানে ব্যর্থ হলে (অনিক কর্মকর্তা) | ড. রেজা হাসান মাহমুদ<br>জিআরএস ফোকাল পয়েন্ট ও<br>সহকারী পরিচালক-১০ (অডিট ও আইন)<br>ফোন: ০১৭১৫-১৩৮১৪৯<br>ই-মেইল: rh.mahmud68@gmail.com | অভিযোগ দাখিলের ৩০ কার্যদিবসের মধ্যে। |
| ২. | জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে ব্যর্থ হলে (আপীল কর্মকর্তা) | জনাব মোঃ জহুরুল আলম চৌধুরী<br>যুগ্মসচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>ফোন : ০২-৯৫৮২০৫৫<br>মোবাইল : ০১৫৫০১৫৫০১৭<br>ই-মেইল : jsadmin2@tmed.gov.bd | আপীলের ২০ কার্যদিবসের মধ্যে। |
| ৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল<br>অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ওয়েব: www.grs.gov.bd | অভিযোগ দাখিলের ৬০ কার্যদিবসের মধ্যে। |

## ৫.২.৫. আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুত/ কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১) | নির্ধারিত সময়, সঠিক সময় পূরণকৃত আবেদন ফরম জমা দান |
| ২) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত হওয়া |
| ৩) | প্রয়োজনীয় ফি পরিশোধ করা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৪) | প্রতিটি সেবা সম্পর্কে যথাযথ ধারণা লাভের জন্য সচেষ্ট থাকা |
| ৫) | সেবা প্রাপ্তির পর আপনার মূল্যমান মতামত প্রদান করা। |

# ০৬ কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম

## ৬.১. ২০২৪-২৫ অর্থবছরে পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের তথ্য (রাজস্ব ও উন্নয়ন বাজেট):

| ক্র. নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম ও ভেন্যু | প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংখ্যা | প্রশিক্ষিত জনবলের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বুনিয়াদি প্রশিক্ষণ | ১৫০ জন | ৯ম ও তদুর্দ্ধ গ্রেডভূক্ত পলিটেকনিক-টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | (মেয়াদ) |
| ২ | বিয়াম ফাউন্ডেশন, ঢাকা, কক্সবাজার, বগুড়া। | ৫০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র ১০ম গ্রেডভুক্ত শিক্ষক-কর্মকর্তাগণ | ২ মাসব্যাপী |
| ৩ | বেসিক প্রশিক্ষণ কোর্স | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৪ | টিটিটিসি, ঢাকা। | ৩২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৫ | "Improving English Language Skill" শীর্ষক প্রশিক্ষণ, টিটিটিসি, ঢাকা | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৬ | আইসিটি বিষয়ক প্রশিক্ষণ | ৩৮ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৭ | নেকটার, বগুড়া | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৮ | RAC এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৯ | BKTTC, Dhaka, Chattogram | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১০ | এ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১১ | BKTTC, Dhaka | ১২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১২ | "সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৩ | BKTTC, Dhaka | ২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৪ | "অটোমোটিভ ম্যাকানিকস" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ৮০ জন | Assett প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৫ | BKTTC, চট্টগ্রাম | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৬ | IT Support Service এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ১৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |

| ক্র. নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম ও ভেন্যু | প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংখ্যা | প্রশিক্ষিত জনবলের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৭ | BKTTC, Chattogram | ১৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৮ | "গ্রাফিক ডিজাইন" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ১৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৯ | BKTTC, চট্টগ্রাম | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২০ | Graphic Design (Level-3) ট্রেডের উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২১ | DTTTI, Dhaka | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২২ | BNQF Level-1 সনদায়নের জন্য Automotive Mechanics এর উপর প্রশিক্ষণ | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৩ | ডিটিটিআই, ঢাকা। | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | |
| ২৪ | BNQF Level-3 সনদায়নের জন্য Web Design এর উপর প্রশিক্ষণ | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৫ | ডিটিটিআই, ঢাকা। | ৪৬০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | |
| ২৬ | NTVQF Level-2 সনদায়নের জন্য Food Processing এর উপর প্রশিক্ষণ | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাাী |
| ২৭ | ডিটিটিটিআই, ঢাকা। | ১৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৮ | NTVQF Level-1 সনদায়নের জন্য EIM এর উপর প্রশিক্ষণ | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | |
| ২৯ | ভিটিটিআই, বগুড়া। | ৩০ জন | ১০ম ও তদুর্দ্ধ গ্রেডভূক্ত টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৩০ | NTVQF/BNQF Level-2 সনদায়নের জন্য EIM এর উপর প্রশিক্ষণ | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৩১ | ভিটিটিআই, বগুড়া/টিটিটিসি ঢাকা। | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৩২ | NTVQF Level-2 সনদায়নের জন্য Plumbing এর উপর প্রশিক্ষণ | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৩৩ | ভিটিটিআই, বগুড়া। | ১৫০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১০ দিনব্যাপী |
| ৩৪ | NTVQF Level-1 সনদায়নের জন্য Consumer Electronics এর উপর প্রশিক্ষণ | ৩০৬ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |

| ক্র. নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম ও ভেন্যু | প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংখ্যা | প্রশিক্ষিত জনবলের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩৫ | ভিটিটিআই, বগুড়া। | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৩৬ | NTVQF Level-2 সনদায়নের জন্য Consumer Electronics এর উপর প্রশিক্ষণ | ১০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ৩ ফেজে ১১ দিন |
| ৩৭ | ভিটিটিআই, বগুড়া। | ১৭৯ জন | কারিগরি শিক্ষা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ | ৬ দিনব্যাপী |
| | | ৩৩৯৩ জন | | |




ASSET প্রকল্পের আওতায় কম্পিউটার অপারেশ লেবেল-৩ (১৪ দিনব্যাপী প্রশিক্ষণ)

## ৬.২. বৈদেশিক প্রশিক্ষণ (২০২৪-২৫):

| SN | Name of Training Program | Number of Participants | Venue and Time | Duration | Organizer |
|---|---|---|---|---|---|
| 1 | Collaborative Regional Program on 'TVET Research Methodology for TVET Leaders and Practitioners' | 01 | Malaysia 05-09 May 2024 | 05 Days | CPSC |
| 2 | Group and Region Focused Training Course on 'Human Resources Development Administration through the promotion of Technical and Vocational Education and Training' | 02 | Japan 18 November 2024 to 06 December 2024 | 19 Days | JICA |
| 3 | Study Visit on 'Automotive Technology Training to Support the Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)' | 06 | Seoul, South Korea 11-15 November 2024 | 05 Days | ADB |
| **Total=** | | **09** | | | |



[ইলেকট্রনিক্স টেকনোলজির ব্যবহারিক ক্লাশ]




[ইলেকট্রিক্যাল টেকনোলজির ব্যবহারিক ক্লাশ]

# ০৭ কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠান সমূহ

## ৭.১ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ :

আঞ্চলিক পরিচালকের কার্যালয় ০৮টি

ইঞ্জিনিয়ারিং কলেজ ০৪টি

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ০১টি

পলিটেকনিক/ মনোটেকনিক ইনস্টিটিউট ৫০টি

ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট ০১টি

সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ১৫৫টি

সেন্ট্রাল স্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ ০১টি

# ০৮ কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বাজেট বরাদ্দ ও ব্যয়

## ৮.১. অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠনসমূহের পরিচালন বাজেট বরাদ্দ ও ব্যয় (অর্থবছর: ২০২৪-২০২৫):

| ক্রমিক নং | বিবরণ | সংশোধিত বাজেট (কোটিতে) | প্রকৃত ব্যয় (কোটিতে) |
|---|---|---|---|
| ১ | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এমপিও | ১০৬১.৪৪ | ১০৪৪.৬৯ |
| ২ | পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৬.১০ | ৫.১৮ |
| ৩ | আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ | ৭.৫৯ | ৫.৬৬ |
| ৪ | প্রকৌশল মহাবিদ্যালয়সমূহ | ১৯.৫৩ | ১৭.১৯ |
| ৫ | কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়সমূহ | ৮.৭৪ | ৭.১৫ |
| ৬ | পলিটেকনিক ইনস্টিটিউটসমূহ | ৫২৮.১৫ | ৪৩৯.৫৬ |
| ৭ | টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ | ৩৪০.৫৮ | ২৬৬.৮৬ |
| | সর্বমোট | ১৯৭২.১৩ | ১৭৮৬.২৯ |

## ৮.২. অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠনসমূহের উন্নয়ন বাজেট বরাদ্দ ও ব্যয় (অর্থবছর: ২০২৪-২০২৫):

| প্রকল্পসমূহের নাম | | ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ [উপযোজনকৃত বাজেট] | | | অর্থছাড় | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় ও বরাদ্দের অনুকূলে % | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | টাকা | প্রকল্প সাহায্য (আরপিএ) | | মোট | টাকা | প্রকল্প সাহায্য (আরপিএ) |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক) বিনিয়োগ প্রকল্পসমূহ: | | | | | | | | |
| ১ | ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্প (২য় সংশোধিত) | ১৬০৬০.০০ | ১৬০৬০.০০ | - (-) | ১৬০৫৮.৪০ | ১৩৫১৬.০২ (৮৪.১৬%) | ১৩৫১৬.০২ (৮৪.১৬%) | - (-) (%) |
| ২ | সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) | ২০৬০.০০ | ২০৬০.০০ | - (-) | ২০৬০.০০ | ১৬৮৬.২৮ (৮১.৮৬%) | ১৬৮৬.২৮ (৮১.৮৬%) | - (-) (%) |
| ৩ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন (১ম সংশোধিত) | ৪২৫০.০০ | ৪২৫০.০০ | - (-) | ৪১৪৯.৫৫ | ৪১১৭.৭০ (৯৬.৮৯%) | ৪১১৭.৭০ (৯৬.৮৯%) | - (-) (%) |

| প্রকল্পসমূহের নাম | | ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ [উপযোজনকৃত বাজেট] | | | অর্থছাড় | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় ও বরাদ্দের অনুকূলে % | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | টাকা | প্রকল্প সাহায্য (আরপিএ) | | মোট | টাকা | প্রকল্প সাহায্য (আরপিএ) |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪ | ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (১ম সংশোধিত) | ৩৮১২.০০ | ৩৮১২.০০ | -<br>(-) | ৩২৪৭.৯০ | ১৯০১.৯৬<br>(৪৯.৮৯%) | ১৯০১.৯৬<br>(৪৯.৮৯%) | -<br>(-)<br>(%) |
| ৫ | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং রংপুর বিভাগে ১টি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (১ম সংশোধিত) | ১৪৬৯.০০ | ১৪৬৯.০০ | -<br>(-) | ১৪৬৯.০০ | ১৪০৮.২৪<br>(৯৫.৮৬%) | ১৪০৮.২৪<br>(৯৫.৮৬%) | -<br>(-)<br>(%) |
| ৬ | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি (১ম সংশোধিত) | ১২৭৫৭.০০ | ১২৭৫৭.০০ | -<br>(-) | ১৩০৪৫.০০ | ১১৩১৫.৬১<br>(৮৮.৭০%) | ১১৩১৫.৬১<br>(৮৮.৭০%) | -<br>(-)<br>(%) |
| ৭ | উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় পর্যায়ে) | ১১৯৫৬.০০ | ১১৯৫৬.০০ | -<br>(-) | ৫৩৮৩.৮৫ | ৪৪৭৭.৬১<br>(৩৭.৪৫%) | ৪৪৭৭.৬১<br>(৩৭.৪৫%) | -<br>(-)<br>(%) |
| ৮ | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন | ৪.০০ | ৪.০০ | -<br>(-) | ১১১.০০ | ১.১১<br>(২৭.৬৮%) | ১.১১<br>(২৭.৬৮%) | -<br>(-)<br>(%) |
| ৯ | এক্সেলারেটিং এন্ড স্ট্রেংদেনিং স্কিলস ফর ইকোনোমিক ট্রান্সফর্মেশন (এসেট) | ৪৯৪৬১.০০ | ১৮৪২৮.০০ | ৩১০৩৩.০০<br>(৩১০৩৩.০০) | ১৮২২৮.১০ | ২৫৮৯১.৬৭<br>(৫২.৩৫%) | ৮০৭৬.৯৯<br>(৪৩.৮৩%) | ১৭৮১৪.৬৮<br>(১৭৮১৪.৬৮)<br>(৫৭.৪১%) |
| | উপমোট = | ১০১৮২৯.০০ | ৭০৭৯৬.০০ | ৩১০৩৩.০০<br>(৩১০৩৩.০০) | ৬৩৭৫২.৮০ | ৬৪৩১৬.১৯<br>(৬৩.১৬%) | ৪৬৫০১.৫১<br>(৬৫.৬৮%) | ১৭৮১৪.৬৮<br>(১৭৮১৪.৬৮)<br>(৫৭.৪১%) |
| খ) কারিগরি সহায়তা প্রকল্পসমূহ: | | | | | | | | |
| ১০ | দ্যা প্রজেক্ট ফর ইমপ্রুভমেন্ট অব ইকুইপমেন্ট ফর টেকনিক্যাল এডুকেশন | ৩৭৭৯.০০ | ২২০২.০০ | ১৫৭৭.০০<br>(-) | ২২০২.০০ | ৩৭৬৮.১৩৮<br>(৯৯.৭১%) | ২১৯১.১৩৮<br>(৯৯.৫১%) | ১৫৭৭.০০<br>(-)<br>(১০০%) |
| ১১ | প্রমোটিং জেন্ডার রেসপনসিভ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট এন্ড টিভিইটি সিস্টেম (প্রগ্রেস) | ২৬০০.০০ | ০.০০ | ২৬০০.০০<br>(-) | - | ২৪৫০.০০<br>(৯৪.২৩%) | -<br>(%) | ২৪৫০.০০<br>(-)<br>(৯৪.২৩%) |
| ১২ | স্কিল ২১ এমপাওয়ারিং সিটিজেনস্ ফর ইনক্লুসিভ এন্ড সাসটেইনএবল গ্রোথ | ১.০০ | ১.০০ | -<br>(-) | - | -<br>(%) | -<br>(%) | -<br>(-)<br>(%) |
| | উপমোট = | ৬৩৮০.০০ | ২২০৩.০০ | ৪১৭৭.০০<br>(-) | ২২০২.০০ | ৬২১৮.১৪<br>(৯৭.৪৬%) | ২১৯১.১৩৮<br>(৯৯.৪৬%) | ৪০২৭.০০<br>(-)<br>(৯৬.৪১%) |
| | সর্বমোট = | ১০৮২০৯.০০ | ৭২৯৯৯.০০ | ৩৫২১০.০০<br>(৩১০৩৩.০০) | ৬৫৯৫৪.৮০ | ৭০৫৩৪.৩৩<br>(৬৫.১৮%) | ৪৮৬৯২.৬৫<br>(৬৬.৭০%) | ২১৮৪১.৬৮<br>(১৭৮১৪.৬৮)<br>(৬২.০৩%)<br>৫৭.৪১% |

# ০৯ প্রতিষ্ঠানের চলমান উল্লেখযোগ্য কার্যক্রম

## ৯.১. একাডেমিক কার্যক্রম:

- মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা নিশ্চিতকরণে অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি মনিটরিং ও মূল্যায়ন (Monitoring and Evaluation);
- শ্রম বাজারের চাহিদা অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নতুন টেকনোলজি/ট্রেড চালুর উদ্যোগ গ্রহণ;
- অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণ;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং শিল্পকারখানার মধ্যে নিবিড় সম্পর্ক স্থাপন;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ক্ষেত্রে কারিকুলাম যুগোপযোগিকরণ কার্যক্রম গ্রহণ;

## ৯.২. মানব সম্পদ ব্যবস্থাপনা:

- প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, টিটিটিসি, ভিটিটিআই, পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল ও কলেজে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রদান;
- কর্মরত শিক্ষক/কর্মকর্তাদের পদোন্নতি প্রদান;
- সকল স্তরের শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন;

## ৯.৩. উন্নয়নমূলক কার্যক্রম:

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা উন্নয়নে নীতি নির্ধারণ ও আইন প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান;
- নতুন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
- বিদ্যমান প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন ও আধুনিকায়ণ;
- আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী JICA, ADB, WB, SDC, CIDA, EU, DFID, SIDA, CPSC, UNESCO-UNEVOC সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথে কারিগরি শিক্ষার উন্নয়নে কর্মকৌশল জোরদারকরণ;

## ৯.৪. TVET Implementation Plan 2025-2030:

বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) খাতকে যুগোপযোগী ও শিল্পসম্মত রূপান্তরের লক্ষ্য নিয়ে TVET Implementation Plan 2025–2030 প্রণয়ন করা হয়েছে। এর আগে গৃহীত TVET Development Plan-এর অভিজ্ঞতা ও শিক্ষা গ্রহণের ভিত্তিতে এই পরিকল্পনাটি আরও পরিশীলিত ও ফলাফলমুখীভাবে প্রস্তুত করা হয়েছে। উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ, শিল্পখাতের প্রতিনিধিরা এবং সংশ্লিষ্ট অংশীজনের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পরিকল্পনাটি চূড়ান্ত করা হয়েছে, যা জাতীয় কর্মসংস্থান কৌশল ও মানবসম্পদ উন্নয়ন অগ্রাধিকারগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

পরিকল্পনায় মোট ৮৭টি অগ্রাধিকারভিত্তিক কর্মসূচি অন্তর্ভুক্ত করা হয়েছে, যার মধ্যে শিক্ষক নিয়োগ ও দক্ষতা উন্নয়ন, Bangladesh National Qualifications Framework (BNQF) কার্যকর বাস্তবায়ন, TVET Act প্রণয়ন, আধুনিক প্রযুক্তি–নির্ভর দক্ষতা যেমন চতুর্থ শিল্পবিপ্লব (4IR) এবং সবুজ দক্ষতা অর্জন, পাশাপাশি শিল্পখাত ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে অংশীদারিত্বকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। পরিকল্পনাটি জাতীয় পর্যায়ে একটি অভিন্ন দিকনির্দেশনা প্রদান করবে, তবে তা স্থানীয় পর্যায়ে কার্যকর করার




TVET Implenentation Plan (2025-2030) Lunching Event at Hotel
Inter Continental, Dhaka.

জন্য অঞ্চলভিত্তিক অভিযোজন ও ধারাবাহিক প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালিত হবে। এ ছাড়া পরিকল্পনার অগ্রগতি ও ফলাফল নিশ্চিত করতে প্রতিবছর বার্ষিক কার্যপরিকল্পনা (Annual Operation Plan – AOP) প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে।

TVET Implementation Plan 2025–2030 সফলভাবে বাস্তবায়িত হলে একটি অন্তর্ভুক্তিমূলক, আধুনিক ও শিল্প–সংযুক্ত TVET ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে, যা দেশের যুবসমাজকে কর্মসংস্থানের নতুন দিগন্তে পৌঁছে দেবে। একই সঙ্গে এটি আন্তর্জাতিক স্বীকৃতিসম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরির মাধ্যমে বৈশ্বিক শ্রমবাজারে বাংলাদেশের প্রতিযোগিতা শক্তি বৃদ্ধি করবে এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## ৯.৫. Sector Performance Monitoring Framework (SPMF):

বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) খাতকে আধুনিক, কর্মমুখী এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত কাঠামোর আওতায় আনার জন্য একটি সমন্বিত অগ্রগতি মনিটরিং ব্যবস্থার প্রয়োজনীয়তা দীর্ঘদিনের। সে প্রেক্ষাপটে TVET Sector Performance Monitoring Framework (SPMF) 2021–2025 প্রণয়ন করা হয়, যা পূর্ববর্তী TVET উন্নয়ন পরিকল্পনা ও অভিজ্ঞতার আলোকে এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত Results-Based Management (RBM) কাঠামোর ভিত্তিতে প্রণীত। TMED, DTE ও BTEB এর অংশগ্রহণে এবং ইউরোপীয় ইউনিয়নের (EU) Human Capital Development Programme 21 (HCDP-21) বাজেট সাপোর্ট প্রোগ্রামের সহায়তায় এই ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করা হয়।
SPMF মূলত তিনটি স্তরে গঠিত Impact, Outcome এবং Sector Capacity যা TVET খাতের বিস্তৃত ও বহুমাত্রিক দিকসমূহকে প্রতিফলিত করে। এর মধ্যে রয়েছে অংশগ্রহণ বৃদ্ধি, গুণগত মানোন্নয়ন, শ্রমবাজারে প্রাসঙ্গিকতা নিশ্চিতকরণ ও টেকসই অর্থায়ন ব্যবস্থা। প্রতিটি স্তরের সঙ্গে সংযুক্ত রয়েছে পরিমাপযোগ্য সূচক (KPI), যার মাধ্যমে সংশ্লিষ্ট খাতের অগ্রগতি নিয়মিতভাবে মূল্যায়ন করা সম্ভব হবে। এ কাঠামো কেবল মনিটরিং নয়, বরং নীতিনির্ধারণ ও ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের জন্য একটি জোরালো ভিত প্রদান করছে।
SPMF এর মাধ্যমে একটি কারিগরি শিক্ষা সেক্টরের তথ্য সংগ্রহ ও সেই তথ্যকে কোয়ালিটি পরিমাপের সূচক হিসেবে ব্যবহারকে

একটি প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হয়েছে, যেখানে প্রতিবছর একটি সমন্বিত Annual Sector Performance Report (ASPR) প্রকাশ করা হবে। এর ফলে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার কার্যক্রমকে একত্রে মূল্যায়ন করার সুযোগ তৈরি হয়েছে, যা পূর্বে সীমিত পর্যায়ে কেবল TMED এর তথ্যের ওপর নির্ভরশীল ছিল। সামগ্রিকভাবে, SPMF হলো বাংলাদেশের TVET খাতকে আরও সুশৃঙ্খল, স্বচ্ছ ও জবাবদিহিমূলক কাঠামোর আওতায় নিয়ে আসার একটি যুগান্তকারী পদক্ষেপ।

## ৯.৬. Annual Sector Performance Report (ASPR):

Annual Sector Performance Report (ASPR) হলো SPMF বাস্তবায়নের একটি দৃশ্যমান ফলাফল, যার মাধ্যমে প্রতি বছর TVET খাতের উন্নয়ন অগ্রগতি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হয়। ASPR 2024 দ্বিতীয় সংস্করণ হিসেবে প্রকাশিত হয়েছে এবং এটি আগের তুলনায় আরও বিস্তৃত ও অন্তর্ভুক্তিমূলক রূপলাভ করেছে। প্রথম দিকে এই রিপোর্ট শুধুমাত্র TMED-এর আওতাভুক্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুত করা হতো। তবে ২০২৪ সালের সংস্করণে কৃষি, শ্রম ও কর্মসংস্থান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান, নৌ পরিবহনসহ মোট পাঁচটি মন্ত্রণালয়ের অধীনস্থ TVET কার্যক্রমকে একত্রিত করা হয়েছে। এর ফলে ASPR এখন একটি জাতীয় পরিপ্রেক্ষিত প্রদান করছে, যা বহুমাত্রিক TVET ব্যবস্থাকে একটি অভিন্ন কাঠামোর অধীনে মূল্যায়ন ও উপস্থাপন করতে সক্ষম। ASPR 2024 কেবল সূচক বা সংখ্যাগত তথ্য উপস্থাপনের মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এটি নীতি প্রণয়ন, বাজেট অগ্রাধিকার, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় এবং ভবিষ্যৎ সহযোগিতার দিকনির্দেশনা প্রদান করছে। প্রতিবেদনে TVET-এর সম্প্রসারণ, মানোন্নয়ন, শিল্প-অংশীদারিত্ব, শিক্ষক প্রশিক্ষণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির অগ্রগতির চিত্র প্রতিফলিত হয়েছে। একই সঙ্গে চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতাগুলো চিহ্নিত করে ভবিষ্যৎ পদক্ষেপের জন্য একটি প্রমাণভিত্তিক রূপরেখা তৈরি করা হয়েছে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ASPR এখন একটি জাতীয় মেকানিজম হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে, যা TVET খাতের অগ্রগতি নিয়মিতভাবে ট্র্যাক করার পাশাপাশি আন্তর্জাতিক সহযোগিতা এবং বৈশ্বিক স্বীকৃতি অর্জনের জন্যও অত্যন্ত কার্যকর হবে। এ রিপোর্টের মাধ্যমে প্রমাণিত হয়েছে যে, দেশের TVET data এখন কেবল TMED এর তথ্যের আওতায় সীমাবদ্ধ নয় বরং অন্যান্য আরো মন্ত্রণালয় ও সংস্থার সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে একটি পূর্ণাঙ্গ চিত্র উপস্থাপন করতে সক্ষম হয়েছে। এটি ভবিষ্যতে আরও সমন্বিত তথ্য ব্যবস্থা ও নীতিনির্ধারণে সহায়তা করবে।

## ৯.৭. ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্যান ২০২৫

বাংলাদেশের টিভিইটি খাতে দ্রুত পরিবর্তিত প্রযুক্তি ও ৪র্থ শিল্প-বিপ্লবের প্রেক্ষাপটে প্রশিক্ষক ঘাটতি পূরণে একটি কৌশলগত পদক্ষেপ হিসেবে ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান ২০২৫ প্রণীত হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (TMED)-এর উদ্যোগে এবং ভিটিটিআই বগুড়াকে কেন্দ্র করে এই পরিকল্পনায় একটি আধুনিক ই-লার্নিং প্ল্যাটফর্ম গড়ে তোলা হবে, যা মাইক্রো-লার্নিং মডিউলের মাধ্যমে প্রশিক্ষকদের বাস্তব দক্ষতা ঘাটতি পূরণে সহায়ক হবে।

পরিকল্পনাযয় তিন বছরে মোট ৫৭৫টি ডিজিটাল মডিউল তৈরি এবং ধাপে ধাপে ১৯৬ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর আওতায় ডিজিটাল প্রোডাকশন ল্যাব, রেকর্ডিং স্টুডিও এবং কনটেন্ট ডেভেলপমেন্ট টিম গঠন করা হবে। লানিং ম্যানেজমেন্ট সিস্টেম (LMS Moodle) জাতীয় ডেটা সেন্টারে হোস্ট করা হবে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের HRMIS-এর সাথে ইন্টিগ্রেট করা হবে। কনটেন্ট উন্নয়নের তিনটি অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। যথা- (i) নতুন প্রশিক্ষক (ii) অপরিচিত যন্ত্রপাতি ব্যবহারে দক্ষতা (iii) সাধারণ প্রশিক্ষণ।

মোট ৬.০২ কোটি টাকা ব্যয়ে এই পরিকল্পনা বাস্তবায়িত হবে, যেখানে মূল ব্যয় খাতগুলোর মধ্যে রয়েছে: ডিজিটাল যন্ত্রপাতি, এলএমএস, কোয়ালিটি অ্যাসিউরেন্স, প্রশিক্ষণ খরচ এবং দেশি-বিদেশি বিশেষজ্ঞ। ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান ২০২৫ ভবিষ্যতে বৃহৎ পরিসরে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের জন্য একটি ডিজিটাল ব্যাকবোন হিসেবে কাজ করতে পারবে। যথাযথ বাজেট সমন্বয়, স্কেল-আপ কৌশল এবং দীর্ঘমেয়াদী প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে এই উদ্যোগকে টিভিইটি খাতে টেকসই সংস্কারে রূপান্তরিত করা সম্ভব হবে।

## ৯.৮. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ:

প্রতিযোগিতামূলক শ্রমবাজারের বাস্তব চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ দানকারী প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন টেকনোলজি/ট্রেড-এ সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী লেভেলের শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমান কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান বিভাগ ও টেকনোলজি/ট্রেডসমূহ নিম্নে বর্ণিত হলো:

### ৯.৮.১ অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে চালুকৃত ট্রেড/টেকনোলজির সংখ্যা:

| ক্রমিক নং | প্রতিষ্ঠান | ট্রেড/টেকনোলজির সংখ্যা |
|---|---|---|
| ০১ | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (TTTC)-এর ডিপার্টমেন্ট | ০৩টি |
| ০২ | ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের ডিপার্টমেন্ট | ০৫টি |
| ০৩ | পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের টেকনোলজি | ২৯টি |
| ০৪ | ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (VTTI)-এর ট্রেড | ০৯টি |
| ০৫ | টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে এইচএসসি (ভোকেশনাল) পর্যায়ের ট্রেড | ১৪টি |
| ০৬ | টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে এসএসসি (ভোকেশনাল) পর্যায়ের ট্রেড | ১৪টি |
| ০৭ | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) | ১০১ টি |

### ৯.৮.২ অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান একাডেমিক কোর্সের মেয়াদ ও ভর্তির যোগ্যতা:

| প্রতিষ্ঠান | বাস্তবায়িত কোর্সসমূহ | মেয়াদ | ভর্তির যোগ্যতা |
|---|---|---|---|
| ইঞ্জিনিয়ারিং কলেজ | বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং | ৪ বছর | এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল)/ সমমান |
| পলিটেকনিক ইনস্টিটিউট | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ৪ বছর | এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) |
| | জাতীয় দক্ষতা বেসিক | ৩৬০ ঘন্টা | এসএসসি/জেএসসি |
| সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | এইচএসসি (ভোক) | ২ বছর | এসএসসি (ভোকেশনাল) |
| | এসএসসি (ভোক) | ২ বছর | জেএসসি/জেডিসি |
| | ৬ষ্ঠ-৮ম শ্রেণী (প্রি-ভোকেশনাল) | ১ বছর | পূর্বের শ্রেণীতে উত্তীর্ণ |
| | জাতীয় দক্ষতা বেসিক | ৩৬০ ঘন্টা | এসএসসি/জেএসসি |
| ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট | প্রশিক্ষণ (শর্ট কোর্স, স্কিলস্, প্যাডাগগজি ইত্যাদি) | - | ইন সার্ভিস |
| টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ | বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন | ২ বছর | ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন |
| | ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন | ১ বছর | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং |
| | বেসিক কোর্স | - | ইন সার্ভিস (জুনিয়র ইন্সট্রাক্টর) |

## ৯.৮.৩. প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ট্রেড/টেকনোলজিসমূহ:

### ৯.৮.৩.১. টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহের জন্য ট্রেড পুনর্বিন্যাস:

সরকার কর্তৃক এসএসসি (ভোক)/দাখিল (ভোক) শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশ-বিদেশে কর্মের সুযোগ সৃষ্টি, শিক্ষাক্রমকে মানসম্মত ও দ্বৈত সনদায়নের উপযোগী করার লক্ষ্যে বর্তমান সরকারি ৬৪টি টিএসসিতে চলমান ট্রেডসমূহ এবং ১০০টিএসসি প্রকল্পের জন্য প্রস্তাবিত ট্রেডসমূহ নিম্নোক্তভাবে পুনর্বিন্যাসপূর্বক ১০টি ট্রেডে পুনর্বিন্যাস করা হয়েছেঃ

১. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস
২. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন
৩. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং
৪. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং
৫. জেনারেল ইলেকট্রনিক্স
৬. অটোমোবাইল অ্যান্ড অটো ইলেকট্রিক বেসিকস
৭. সিভিল কন্সট্রাকশন অ্যান্ড সেফটি
৮. মেশিন অপারেশন বেসিকস
৯. অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং বেসিকস
১০. আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস

এছাড়া সরকারি ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজে উপরোক্ত ১০ টি ট্রেডের অতিরিক্ত হিসেবে নিম্নের ট্রেডসমূহ চালু থাকবেঃ

১. ফার্ম মেশিনারী
২. পোল্টি রিয়ারিং এন্ড ফার্মিং
৩. ফিস কালচার এন্ড ব্রিডিং
৪. ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন ট্রেডসমূহ চালু থাকবে।

### ৯.৮.৩.২. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং স্তরে বিদ্যমান ৩৪টি টেকনোলজির নাম:

| ক্রঃ নং | টেকনোলজির নাম | ক্রঃ নং | টেকনোলজির নাম |
|---|---|---|---|
| ০১ | কম্পিউটার | ১৮ | গ্লাস |
| ০২ | সিভিল | ১৯ | সিরামিক |
| ০৩ | কনস্ট্রাকশন | ২০ | মেকাট্রনিক্স |
| ০৪ | ইলেকটিক্যাল | ২১ | ইলেকট্রো মেডিক্যাল |
| ০৫ | ইলেকট্রনিক্স | ২২ | আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডিজাইন |
| ০৬ | আর্কিটেকচার | ২৩ | এনভায়রনমেন্টাল |
| ০৭ | মেকানিক্যাল | ২৪ | টেলিকমিউনিকেশন |
| ০৮ | পাওয়ার | ২৫ | ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৯ | অটোমোবাইল | ২৬ | মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ১০ | সিভিল (উড) | ২৭ | সার্ভেয়িং |
| ১১ | রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | ২৮ | ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ১২ | কেমিক্যাল | ২৯ | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি |
| ১৩ | ফুড | ৩০ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এ্যারোস্পেস) |
| ১৪ | গ্রাফিক ডিজাইন | ৩১ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স) |
| ১৫ | মেরিন | ৩২ | লেদার |
| ১৬ | শিপ বিল্ডিং | ৩৩ | ফুটওয়্যার |
| ১৭ | প্রিন্টিং | ৩৪ | লেদার প্রডাক্টস অ্যান্ড এক্সেসরিস |

**৯.৮.৩.৩. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ইন্সটিটিউটসমূহে মূল ও সামঞ্জস্যপূর্ণ টেকনোলজির পূনর্বিন্যাস:**

সরকার কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ন ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সরকারি চাকুরীপ্রাপ্তি বিষয়ক বিদ্যমান সমস্যা সমাধান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যত কর্মসংস্থানের সুযোগ বিবেচনায় মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ন ইমার্জিং টেকনোলজি সমূহ নিম্নরূপে পূনর্বিন্যাস করা হয়েছে:

| ক্র. নং | মূল টেকনোলজি | মূল টেকনোলজির সাথে পূণর্বিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজিসমূহ |
|---|---|---|
| ০১ | সিভিল | সিভিল উড,কনস্ট্রাকশন, এনভায়রনমেন্ট |
| ০২ | আর্কিটেকচার | আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন |
| ০৩ | ইলেকট্রিক্যাল | ইলেকট্রনিক্স, ইলেকট্রো মেডিক্যাল, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৪ | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ০৫ | মেকানিক্যাল | মেকাট্রনিক্স, পাওয়ার, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ০৬ | কেমিক্যাল | ফুড |
| ০৭ | মেরিন | শিপ বিল্ডিং |
| ০৮ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (অ্যাপারেল), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স) |
| ০৯ | লেদার | লেদার প্রডাক্টস অ্যান্ড এক্সোসরিস, ফুটওয়ার |

# ১০ বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো নীতিমালা, ২০২৫

বাংলাদেশের সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ধারার সকল স্তরের যোগ্যতা, দক্ষতা ও সনদকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও পারস্পরিকভাবে সংগতিপূর্ণ করতে একটি জাতীয় যোগ্যতা কাঠামো প্রণয়ন প্রয়োজন। বর্তমানে শিক্ষা ও দক্ষতার ক্ষেত্রে জাতীয়ভাবে স্বীকৃত কোনো একক কাঠামো না থাকায় দেশ-বিদেশে কর্মসংস্থান ও উচ্চশিক্ষার সুযোগে ব্যক্তির যোগ্যতা অনেক সময় যথাযথভাবে মূল্যায়িত হয় না। এ বাস্তবতা অনুধাবন করে বাংলাদেশ সরকার বৈশ্বিক মানের সাথে সামঞ্জস্য রেখে দেশের শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার মান উন্নয়নে কৌশলগত পদক্ষেপ গ্রহণ করেছে।

এই প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ২০১৮ সাল থেকে বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (Bangaldesh National Qualification Framework- BNQF) প্রণয়নের উদ্যোগ নেয়। সম্প্রতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সমন্বয়ে বিএনকিউএফ-এর কাঠামো চূড়ান্ত করা হয়েছে।

এই কাঠামো মূলত ২০১২ সালে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) ভিত্তিতে তৈরি করা হয়েছে। এছাড়াও উচ্চশিক্ষার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) ২০১৮ সালে একটি কাঠামো প্রস্তাব করে, যা বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিলের (BAC) কার্যক্রমের ভিত্তি স্থাপন করে এবং BNQF-এর গঠনে সহায়ক হয়।

বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামোর (BNQF) উদ্দেশ্য হলো সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার মধ্যে যোগ্যতার সংজ্ঞায়ন ও সমন্বয়, পূর্ব অর্জিত শিক্ষা ও অভিজ্ঞতার স্বীকৃতি, জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টি এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদন্ডের সাথে সামঞ্জস্য রক্ষা করা। এই কাঠামোতে ১০টি স্তরে জ্ঞান, দক্ষতা ও সক্ষমতার শ্রেণিবিন্যাস করা হয়েছে, যার মাধ্যমে শিক্ষা ও প্রশিক্ষণের ধারাবাহিক অগ্রগতি এবং এক ধারা থেকে অন্য ধারায় স্থানান্তর (Vertical ও Horizontal mobility) সহজ হবে। আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষায় অর্জিত দক্ষতা ও অভিজ্ঞতার স্বীকৃতিও এই কাঠামোর আওতায় থাকবে।

BNQF বাস্তবায়নে আন্তর্জাতিক মান অনুসারে গুণগতমান নিশ্চিতকরণ ব্যবস্থা (Quality Assurance System) ও বাস্তবায়ন নির্দেশিকা (Implementation Guideline) প্রণয়ন করা হয়েছে, যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুসরণ করবে।

২০২১ সালের ৩ জুন তৃতীয় BNQF জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় শিক্ষা মন্ত্রণালয়ে BNQF কাঠামো অনুমোদিত হয়। এর ভিত্তিতে পরবর্তী তিন বছরে গুণগতমান নিশ্চিতকরণ ম্যানুয়েল, বাস্তবায়ন গাইডলাইন এবং খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়, যা ২০২৪ সালের ২৬ জুন মাসে BNQF জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদিত হয়েছে।

সুতরাং, জীবনব্যাপী শিক্ষা, গুণগতমান উন্নয়ন, কর্মবাজারের চাহিদার সাথে সামঞ্জস্য, আন্তর্জাতিক স্বীকৃতি, যোগ্যতার গতিশীলতা ও একটি অভিন্ন ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় যোগ্যতা কাঠামো অপরিহার্য।

**বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো**

| স্তর | উচ্চ শিক্ষা খাত | কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা খাত | | স্কুল ও মাদ্রাসা শিক্ষা খাত | |
|---|---|---|---|---|---|
| | | কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ খাত | দক্ষতা খাত | | |
| ১০ | ▪ পিএইচডি (রিসার্চ)<br>▪ পিএইচডি (মিক্সড মোড) | | | | |
| ৯ | ▪ স্নাতকোত্তর (গবেষণা)<br>▪ স্নাতকোত্তর (কোর্স ওয়ার্ক)<br>▪ স্নাতকোত্তর (মিক্সড মোড) | | | কামিল | আজীবন শিক্ষা |
| ৮ | ▪ পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা<br>▪ পোস্ট গ্রাজুয়েট সার্টিফিকেট | | | | |
| ৭ | ▪ ৫ বছর মেয়াদি স্নাতক<br>▪ ৪ বছর মেয়াদি স্নাতক<br>▪ ৩ বছর মেয়াদি স্নাতক | | | ফাজিল | |
| ৬ | | ▪ ৪ বছর মেয়াদি ডিপ্লোমা (কারিগরি শিক্ষা ধারা ) | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ৬) | | |
| ৫ | | ▪ এইচএসসি (ভোক)/ এইচএসসি (বিএমটি)/ সমমানের অন্যান্য কোর্স (ভোকেশনাল শিক্ষা ধারা) | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ৫) | ▪ এইচএসসি (সাধারন শিক্ষা ধারা )<br>▪ আলিম (মাদ্রাসা শিক্ষা ধারা) | |
| ৪ | | | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ৪) | | |
| ৩ | | ▪ এসএসসি (ভোক)/দাখিল (ভোক)/ সমমানের অন্যান্য কোর্স (ভোকেশনাল শিক্ষা ধারা) | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ৩) | ▪ এসএসসি(সাধারন শিক্ষা ধারা )<br>▪ দাখিল(মাদ্রাসা শিক্ষা ধারা) | |
| ২ | | | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ২) | | |
| ১ | | | ▪ ন্যাশনাল স্কিলস সার্টিফিকেট (এনএসসি ১) | | |

# ১১ কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় প্রকল্পের বিবরণ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় ১২টি প্রকল্প বাস্তবায়নাধীন। প্রকল্পগুলোর বিবরণ নিম্নে প্রদান করা হলো:

## ১১.১. প্রকল্পের নাম: ১০০টি উপজেলায় ১ (এক) টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় সংশোধনী)

| মেয়াদ | জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ২৫২০৩৯.৭৭ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৯৭০৯৬.৬৮ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • সারা দেশে ১০০টি উপজেলায় কারিগরি শিক্ষার বিস্তারের লক্ষ্যে ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন;<br>• বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের জন্য ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণীতে ৪টি এসএসসি ও এইচএসসি ভোকেশনাল সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;<br>• কারিগরি শিক্ষায় দক্ষতা বৃদ্ধিতে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত একাডেমিক শিক্ষা ও প্রশিক্ষণ এবং স্বল্প মেয়াদি প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির জন্য মানসম্মত ল্যাব ও ওয়ার্কশপসহ অবকাঠামো স্থাপন করা।<br>• প্রতি প্রতিষ্ঠানে ১০৮০ জন করে শিক্ষার্থীর এনরোলমেন্টের সুযোগ সৃষ্টি। |
| বাস্তব অগ্রগতি | • ইতোমধ্যে ৯১টি টিএসসিতে ৬ষ্ঠ-৯ম শ্রেণিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ২০২৬ শিক্ষাবর্ষে আরও ৫টি টিএসসিতে শিক্ষা কার্যক্রম চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন। |



শ্যামনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাতক্ষীরা



শালিখা টেকনিক্যাল স্কুল ও কলেজ, শালিখা, মাগুরা

## ১১.২. প্রকল্পের নাম: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (১ম সংশোধিত)

| মেয়াদ | ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২৫ পর্যন্ত [প্রস্তাবিত: ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২৭] |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ১৩৯৫৬৯.৮০ লক্ষ টাকা [প্রস্তাবিত: ১৪০৫৮২.৭৩ লক্ষ টাকা] |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৬২৩২০.২৪ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • দক্ষ, কর্মক্ষম ও আত্মকর্মসংস্থানের উপযোগী মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধিকরণ;<br>• দেশে ও বিদেশে বিদেশে বর্তমান ও ভবিষ্যতে চাকরি বাজারের চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনশক্তি গড়ে তোলা;<br>• ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজে প্রথম ও দ্বিতীয় শিফটে বিদ্যমান এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) এবং ৬(ছয়) মাস মেয়াদি শর্ট কোর্সে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের মানসম্মত শিক্ষা ও দক্ষতা নিশ্চিত করণ;<br>• বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের জন্য ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণিতে ৪টি ট্রেডে এসএসসি ও এইচএসসি ভোকেশনাল সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;<br>• কারিগরি শিক্ষায় দক্ষতা বৃদ্ধিতে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত একাডেমিক ও স্বল্পমেয়াদি প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির জন্য মানসম্মত ল্যাব ও ওয়ার্কশপসহ অবকাঠামো নির্মাণ করা;<br>• প্রয়োজন বোধে ভবিষ্যতে পুনরায় ৬৪টি টিএসসিতে চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা;<br>• প্রতিটি টেকনিক্যাল স্কুল ও কলেজকে TVET (Technical & Vocational Education & Training) এর মডেল প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা; |
| বাস্তব অগ্রগতি | • ৩০ ব্যাচের মধ্যে ২৯ ব্যাচের পেডাগোজি প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে;<br>• ৭৫ ব্যাচের মধ্যে ৬৬ ব্যাচের আইসিটি প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে;<br>• ৭৫ ব্যাচের মধ্যে ৩৬ ব্যাচের স্কিলস প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;<br>• ১৮০ ব্যাচের মধ্যে মোট ১৩১ ব্যাচের স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;<br>• এছাড়া, সবগুলো সাইটের নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। |



হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর নবনির্মিত ৫তলা ভবন



চাঁপাইনবাবগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর নবনির্মিত ৫তলা ভবন

## ১১.৩. প্রকল্পের নাম: সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প

| মেয়াদ | জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৭ |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৪০১১৪.৯০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৫৪৯.৮২ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • কারিগরি শিক্ষায় নারীদের অধিকতর সম্পৃক্ত করে তাদেরকে দক্ষ ও যোগ্য মানবসম্পদ হিসাবে গড়ে তোলা;<br>• দেশে-বিদেশে বর্তমান এবং ভবিষ্যৎ চাকরি বাজারের চাহিদা পূরণের লক্ষ্যে পেশাজীবি ও দক্ষ জনবল সৃষ্টি;<br>• ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে প্রতি বছর ১৬০০ জন ছাত্রীর ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির সুযোগ সৃষ্টিকরণ;<br>• প্রয়োজনীয় অবকাঠামো এবং অন্যান্য ভৌত সুবিধাদি সৃষ্টিকরণ; এবং<br>• কারিগরি শিক্ষায় নারীর অংশগ্রহণ উৎসাহিতকরণ। |
| বাস্তব অগ্রগতি | • রংপুরে একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, ছাত্রী হোস্টেল ভবন, ওয়ার্কশপ ভবন ও স্টাফ কোয়ার্টার ভবনের ফিনিশিং এর কাজ চলমান রয়েছে। অধ্যক্ষের বাসভবন ও শিক্ষক ডরমেটরী ভবনের ফিনিশিং এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। সীমানা প্রাচীর ও মাটি ভরাটের NOA প্রদান করা হয়েছে।<br>• ময়মনসিংহে ছাত্রী হোস্টেল, স্টাফ কোয়ার্টার, অধ্যক্ষের বাসভবন, একাডেমিক ভবন, ওয়ার্কশপ ভবন, শিক্ষক ডরমিটরী ও প্রশাসনিক ভবনের ফিনিশিং এর কাজ চলমান রয়েছে। সিমানা প্রাচীর ও মাটি ভরাটের দরপত্র আহবান করা হয়েছে।<br>• বরিশালে ছাত্রী হোস্টেল ভবন ও একাডেমিক ভবনের ফিনিশিং এর কাজ শেষ হয়েছে এবং শিক্ষক ডরমেটরী ভবনের ফিনিশিং এর কাজ চলমান রয়েছে। ওয়ার্কশপ ও প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। স্টাফ কোয়ার্টার ভবন, অধ্যক্ষের বাসভবন ও সীমানা প্রাচীরের দরপত্র আহবান করা হয়েছে।<br>• সিলেটে একাডেমিক ভবন, ওয়ার্কশপ ভবন, প্রশাসনিক ভবন, শিক্ষক ডরমেটরী ও অধ্যক্ষের বাসভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে এবং অন্যান্য ভবনের নির্মাণ কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। |



ময়মনসিংহ মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের একাডেমিক ভবন



বরিশাল মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের মহিলা হোস্টেল

## ১১.৪. প্রকল্পের নামঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

| মেয়াদ | জুলাই ২০১৮ থেকে জুন ২০০৭ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৩৪৩৮২.৩৬ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৩৯৩৮.৬১ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • দেশে-বিদেশের বর্তমান ও ভবিষ্যতের শ্রম বাজারের চ্যালেঞ্জের মোকাবেলা করার জন্য ল্যান্ড সার্ভে/ভূমি জরিপ সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চমানের দক্ষতা সম্পন্ন জনশক্তি/টেকনিক্যাল জনবলের সংখ্যা বৃদ্ধি করা;<br>• সার্ভে ইঞ্জিনিয়ারিং এডুকেশন ও ট্রেনিংয়ের ক্ষেত্রে প্রফেশনাল ম্যানপাওয়ার/জনবলের উন্নয়ন সাধন (ডিপ্লোমা লেভেলে ১৬০০ জন ভর্তি প্রতি বছর);<br>• চারটি টেকনোলজিতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা। যথা- (ক) ল্যান্ড রিসোর্স এন্ড এনভায়রনমেন্টাল সাইন্স ও (খ) ফটোগ্রাফী এন্ড ডিজিটাল ইমেজিং (গ) ল্যান্ডস্কেপ আর্কিটেকচার (ঘ) ল্যান্ডস্কেপ ডিজাইন ইঞ্জিনিয়ারিং;<br>• প্রয়োজনীয় অবকাঠামো তৈরির জন্য মেশিনারী, যন্ত্রপাতি, আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করা এবং অন্যান্য ভৌত সুবিধাদি প্রদান। |
| বাস্তব অগ্রগতি | • যশোর জেলার মনিরামপুর উপজেলায় নির্মাণাধীন সার্ভে ইনস্টিটিউটের একাডেমিক কার্যক্রম চালুর লক্ষ্যে প্রতিষ্ঠানটির নামকরণ ও সেখানে সংযুক্তিতে জনবল পদায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৬/০২/২০২৫ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে অনুমতি পাওয়া গেছে।<br>• কুমিল্লাতে প্রশাসনিক ভবন, শিক্ষক-কর্মকর্তা ডরমেটরি, মাল্টিপারপাস ভবনের ও ছাত্রাবাস নির্মাণ সম্পন্ন হয়েছে। স্টাফ কোয়াটারের ভিতরের কাজ ও ভূমি উন্নয়নসহ অন্যান্য ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• রাজশাহীতে একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন ও মাল্টিপারপাস ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• যশোরে প্রশাসনিক ভবন, একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন, মাল্টিপারপাস ভবন, শিক্ষক-কর্মকর্তা ডরমেটরি, স্টাফ কোয়াটার, ছাত্রাবাস, ছাত্রীনিবাস, অধ্যক্ষ কোয়াটার ভবনের রং ও ফিনিশিং ও অন্যান্য ভবনের কাজ চলমান রয়েছে।<br>• পটুয়াখালীতে ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। অধ্যক্ষ কোয়াটারের নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া, অন্যান্য ভবন ও স্থাপনার নির্মাণ কাজ চলমান রয়েছে। |



ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট, রাজশাহীতে নির্মাণাধীন ভবন

## ১১.৫. প্রকল্পের নাম: ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)

| মেয়াদ | অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ [প্রস্তাবিত: অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৮] |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৩৬৫১৩৭.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৫৩৪৮.৩৬ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • বাংলাদেশের যে ২৩টি জেলায় কোন সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট নেই সেই জেলাসমূহে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে টিভিইটি সম্প্রসারণ;<br>• দেশে ও বিদেশে বর্তমান এবং ভবিষ্যৎ চাকুরি বাজারের চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলার জন্য দক্ষ জনশক্তি সৃষ্টি করা;<br>• ২৩টি প্রতিষ্ঠানের জন্য ০৪টি করে মোট ০৯টি টেকনোলজির সমন্বয়ে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স এন্ড টেকানোলজি, পাওয়ার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রনিক্স, কেমিক্যাল ও আর্কিটেকচার) কোর্স সমূহ চালু করা;<br>• ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউটে প্রতি বছর মোট ৯২০০ জন শিক্ষার্থীর ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির সুযোগ সৃষ্টি;<br>• ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউটের পূর্ণাঙ্গ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, জনবল নিয়োগ এবং অন্যান্য ভৌত সুবিধা তৈরি করা। |
| বাস্তব অগ্রগতি | • এ প্রকল্পের ২৩টি জেলার মধ্যে ১৮টি জেলার জমি অধিগ্রহণের জন্য অর্থ ছাড় করা হয়েছে।<br>• এর মধ্যে ১৬টি জেলার জমি বুঝে পেয়ে নির্মাণ ও পূর্ত কাজের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে এবং ভূমির ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে।<br>• অবশিষ্ট সাইটেও ভূমি অধিগ্রহণের জন্য কার্যক্রম চলমান রয়েছে। |




জামালপুর পলিটেকনিক ইনস্টিটিউটের জন্য অধিগ্রহণকৃত জমি পরিদর্শন



গাজীপুর পলিটেকনিক ইনস্টিটিউটের জন্য অধিগ্রহণকৃত জমি পরিদর্শন

## ১১.৬. প্রকল্পের নাম: চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)

| মেয়াদ | অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত (প্রস্তাবিত: অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৮) |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ১২২২৩৯.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৮৬৬৪.৬০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • স্নাতক পর্যায়ে প্রকৌশল শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা।<br>• দক্ষ প্রকৌশলী তৈরি ও গবেষণার ক্ষেত্র সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোসহ জনবল নিয়োগ করা।<br>• দেশে-বিদেশে প্রকৌশল ক্ষেত্রে দক্ষ জনশক্তির চাহিদা মেটানো।<br>• ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজে প্রতি বছর ৭২০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টি।<br>• ২ টি কলেজে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ২টি কলেজে এইচএসসি পাশকৃত ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার ক্ষেত্র সম্প্রসারণ করা। |
| বাস্তব অগ্রগতি | • সবগুলো সাইটেই ভূমি অধিগ্রহন সম্পন্ন হয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে। |



নড়াইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবনের চলমান কাজ



ঠাকুরগাঁও ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবনের কাজ

## ১১.৭. প্রকল্পের নাম: উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)

| মেয়াদ | জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২৫ |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ২০৫২৫৬৯.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১০৫৯৬.১৭ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | • প্রস্তাবিত প্রতিষ্ঠানসমূহে ৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত সাধারণ শিক্ষার পাশাপাশি ১টি করে কারিগরি বিষয় অন্তর্ভূক্তির প্রয়োজনীয় সুবিধা সৃষ্টিকরণ। এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স চালু করার মাধ্যমে দেশব্যাপী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ।<br>• কর্মক্ষম যুবকদের দেশে ও বিদেশে বর্তমান এবং ভবিষ্যত চাকরি বাজারের চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা।<br>• দরিদ্র জনগোষ্ঠীর জীবিকা সংস্থানের লক্ষ্যে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ।<br>• ৪টি ট্রেড ও ৪টি স্বল্পমেয়াদী প্যারাট্রেড কোর্স চালুকরণ। |
| বাস্তব অগ্রগতি | • ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে-২১টি;<br>• টিএসসি নির্মাণ কাজ চলমান রয়েছে-০৮টি;<br>• নির্মাণ কার্যাদেশের জন্য অপেক্ষমান রয়েছে-০৪টি;<br>• টিএসসি নির্মাণ কাজের দরপত্র আহবানের অপেক্ষায়-০৯টি;<br>• জেলা প্রশাসন বারাবর অর্থ ছাড়ের মন্ত্রণালয়ে অপেক্ষমান রয়েছে-০১টি;<br>• চূড়ান্ত প্রাক্কলনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে-৭৫টি;<br>• চূড়ান্ত প্রাক্কলনের জন্য জেলা প্রশাসনের নিকট পত্র প্রেরণের জন্য প্রকল্প দপ্তরে অপেক্ষমান রয়েছে-০৩টি;<br>• প্রশাসনিক অনুমোদনের সংশোধনী প্রস্তাব মন্ত্রণালয়ে অপেক্ষমান রয়েছে-০৬টি;<br>• প্রশাসনিক অনুমোদনের জারীর জন্য মন্ত্রণালয়ে অপেক্ষমাণ-৩০টি;<br>• প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে টিএমইডি'তে প্রেরণের জন্য প্রকল্প দপ্তরে অপেক্ষমান-- ৫০টি<br>• পূর্ণাঙ্গ প্রস্তাব প্রাপ্তি যা পরবর্তী ভূমি কমিটি'তে উপস্থাপনের জন্য অপেক্ষমান-- ০৯টি<br>• প্রাথমিক কিংবা পূর্ণাঙ্গ প্রস্তাব পাওয়া যায়নি-১২০টি<br>• প্রশাসনিক অনুমোদন বাতিল করা হয়েছে-৭টি<br>• বিকল্প ভূমির প্রস্তাব/তথ্য প্রেরণের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ-৭টি |



ভূমি অধিগ্রহণের জন্য হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিদর্শন



ভূমি অধিগ্রহণের জন্য চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলা পরিদর্শন

## ১১.৮. প্রকল্পের নাম: Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET)

| মেয়াদ | জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৪২৯৯৯৯.৫৫ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৪৯৪২৮.৫৮ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • আগামী দিনের কাজের উপযোগী এবং সম্ভাবনাময় উন্নত কর্মসংস্থানের চাহিদা অনুযায়ী বাংলাদেশের নারী ও অনগ্রসর জনগোষ্ঠীসহ দক্ষ যুবসমাজ ও কর্মীবাহিনী গড়ে তোলা।<br>• যুবাদেরকে ভবিষ্যৎ কর্মসংস্থানের জন্য দক্ষ করে গড়ে তোলা এবং চাকুরী বাজারের সাথে সামঞ্জস্য রেখে ইমার্জিং টেকনোলজির প্রশিক্ষণ প্রদান করা।<br>• দক্ষতার ইকোসিস্টেমকে (দক্ষতা উন্নয়ন, চাকুরীবাজার, চাকুরীদাতা ও উদ্যোক্তা উন্নয়নের সমন্বিত কার্যক্রম) প্রতিক্রিয়াশীল, কর্মতৎপর এবং চাহিদাভিত্তিক করা। |
| বাস্তব অগ্রগতি | • ASSET প্রকল্পের মাধ্যমে RPL Orientation ও সনদায়ন কার্যক্রমের আওতায় ৩০/০৬/২৫ তারিখ পর্যন্ত মোট ৫২৯৪০ জন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;<br>• ৮০০০ জন অ্যাসেসর তৈরীর কার্যক্রম চলমান রয়েছে;<br>• নির্বাচিত ১৬৩টি সরকারি কারিগরি প্রতিষ্ঠান এবং ২৪টি বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানে মোট ৯৩,৭১৫ জন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;<br>• ৩৬৪৯ জনের Enterprise Based training (EBT) প্রশিক্ষণ চলমান রয়েছে। |

## ১১.৯. প্রকল্পের নাম: ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন

| মেয়াদ | অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৪৭২১.২৫ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৯.২৯ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | • ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধিসহ প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শিক্ষার্থীর সুষ্ঠু পাঠদানের সুযোগ সৃষ্টি করা।<br>• চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ডিপ্লোমা প্রকৌশলী সৃষ্টির লক্ষ্যে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন শিক্ষা অবকাঠামো উন্নয়ন।<br>• ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা ।<br>• ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি। |
| বাস্তব অগ্রগতি | • নির্ধারিত স্থানের মাটি পরীক্ষা করা হয়েছে।<br>• ভবনের স্ট্রাকচারাল ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়েছে।<br>• আর্কিটেকচারাল ৩ডি ডিজাইনের জন্য সম্পন্ন করা হয়েছে।<br>• বিদ্যমান পানির পাম্প অপসারণের পূর্বে নতুন পানির পাম্প স্থাপন ক<br>• দরপত্র কার্যক্রম দ্রুত সমাপ্ত করার প্রক্রিয়া চলমান অবস্থায় আছে। |





ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের ১১ তলা বিশিষ্ট ৬ তলা একাডেমিক ভবন নির্মানের ভিত্তি প্রস্তর স্থাপন

## ১১.১০. প্রকল্পের নামঃ Project for the Improvement of Equipment for Technical Education

| মেয়াদ | জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৯৮০০.৮৬ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৪২১৫.৫৮০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | • টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এবং ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ল্যাব/ওয়ার্কসপের আধুনিকায়ন করা;<br>• নির্বাচিত ৪টি টেকনোলজির (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল এবং কম্পিউটার) ল্যাব/ওয়ার্কসপের প্রয়োজনীয় সংস্কার এবং যন্ত্রপাতির ইনস্টলেশন;<br>• ব্যবহারিক ক্লাশে সরবরাহকৃত যন্ত্রপাতির যথাযথ পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিক্ষক/প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি। |
| বাস্তব অগ্রগতি | • প্রকল্পের আওতায় ১ম থেকে ৪র্থ চালানের যন্ত্রপাতি ইতোমধ্যে প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে।<br>• ৫ম ও ৬ষ্ঠ চালানের যন্ত্রপাতি ও উপকরণ চট্টগ্রাম সমুদ্রবন্দরে এসে পৌঁছেছে।<br>• প্রকল্প কার্যালয় কর্তৃক প্রয়োজনীয় কাস্টমস শুল্ক (CD) ও মূসক (VAT) পরিশোধ করা হয়েছে।<br>• ৭ম, ৮ম, ৯ম ও ১০ম চালানের সকল যন্ত্রপাতি ও সামগ্রীর মূল্যায়ন ঢাকা বিমানবন্দরে সম্পন্ন হয়েছে।<br>• ১১তম, ১২তম ও ১৩তম চালান যথাক্রমে ইতালি, সিঙ্গাপুর ও যুক্তরাষ্ট্র থেকে চট্টগ্রাম বন্দরের দ্রুতই এসে পৌছাবে।<br>• উক্ত চালানগুলোর জন্য আমদানি অনুমতির আবেদন আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট দাখিল করা হয়েছে। |



শিক্ষকদের ওরিন্টেশন প্রশিক্ষণ



মালামাল আনলোডিং

## ১১.১১. প্রকল্পের নাম: Promoting Gender Responsive Enterprise Development and TVET Systems (ProGRESS)

| মেয়াদ | অক্টোবর ২০২২ হতে সেপ্টেম্বর ২০২৭ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত | ১২৮৬১.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৫৭১০.৪০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • অন্তর্ভুক্তিমূলক দক্ষতা উন্নয়ন;<br>• নারী, যুবক এবং অন্যান্য সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির জন্য দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য নীতিমালাসমূহের সমন্বয় ও বাস্তবায়নে সরকারকে সহায়তা প্রদান;<br>• যুব, নারী এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠির জন্য নির্বাচিত ভ্যালু চেইন এবং বাজার ব্যবস্থাপনায় কর্মসংস্থান এবং শিল্পোদ্যোগকে উৎসাহীত করা;<br>• যুব, নারী এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠিসহ টার্গেট প্রশিক্ষণার্থীদের Green Skills প্রশিক্ষণের সুযোগের জন্য প্রবেশযোগ্যতা, অন্তর্ভুক্তিকরণ ও টেকসইকরণের ব্যবস্থা করা। |
| বাস্তব অগ্রগতি | • সরকারি ও বেসরকারি খাতের ১,৫০০ জন প্রতিনিধিকে gender equality and inclusion বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>• DTE-এর ২২ জন শিক্ষককে gender mainstreaming বিষয়ে UN Women এর সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>• BMET-এর ৩৭ জন শিক্ষককে চট্টগ্রাম, বান্দরবান ও রাঙামাটিতে gender equality virtual module উন্নয়নের অংশ হিসেবে TNA ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• ঢাকা ও খুলনায় ৩৫০ জন শিক্ষক ও শিক্ষার্থীকে gender-based violence বিষয়ে সচেতনতামূলক সেমিনারে অংশগ্রহণ করানো হয়েছে।<br>• ২,০৪৭ জন যুবক-যুবতী (যার মধ্যে ৬৮% নারী) কে প্রাতিষ্ঠানিক ও অ্যাপ্রেন্টিসশিপভিত্তিক স্কিল ট্রেইনিং প্রদান করা হয়েছে।<br>• ৩০০ জন মাস্টার ক্রাফট পারসন এর মাধ্যমে ৬০০ জন যুবক-যুবতীকে গ্রীন স্কিলস ও অনানুষ্ঠানিক খাতে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে (CHT ও অন্যান্য এলাকায়)।<br>• TVET শিক্ষক ও শিল্প প্রতিষ্ঠানভিত্তিক অ্যাসেসরদের জন্য Trainers and Assessors Development Programme পরিচালনা করা হয়েছে।<br>• ১৩টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS) এবং ১০৫টি CBLM ৩৬৫ জন ইন্ডাস্ট্রি এক্সপার্ট এর মাধ্যমে উন্নয়ন করা হয়েছে।<br>• TSC/পলিটেকনিক শিক্ষার্থীদের জন্য BTEB-এর অধীনে ডুয়াল সার্টিফিকেশন প্রোগ্রাম চালু করা হয়েছে।<br>• নারী উদ্যোক্তাদের জন্য মৌলভীবাজারে ১৬ জনকে হ্যান্ডিক্রাফট তৈরির জন্য যন্ত্রপাতিসহ প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করা হয়েছে। |

## ১১.১২. প্রোগ্রামের নাম: EU-funded "Human Capital Development Programme for Bangladesh 2021 (HCDP-21)" শীর্ষক বাজেট সাপোর্ট প্রোগ্রাম

| মেয়াদ | ২০১৮-২০১৯ অর্থবছর থেকে ২০২৪-২০২৫ পর্যন্ত |
|---|---|
| প্রাক্কলিত | ৭৯.৫ মিলিয়ন টাকা |
| প্রাপ্তি: | ৬৮.৭৫ মিলিয়ন টাকা (জুন ২০২৪ পর্যন্ত সরকারি তহবিল হতে প্রাপ্ত) |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | ● গুণগতমান, প্রাসঙ্গিকতা এবং দক্ষতা বৃদ্ধি;<br>● সমান ও ন্যায়নিষ্ঠ প্রবেশাধিকার;<br>● ব্যবস্থাপনা, শাসন ও প্রশাসনিক দক্ষতা উন্নয়ন। |
| অর্জন সমূহ | ● প্রোগ্রামটির কারিগরি সহায়তার মাধ্যমে নিম্নোক্ত ৩টি ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে যা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে:<br>○ Annual Sector Performance Report (ASPR) 2025,<br>○ 'TVET ইমপ্লিমেন্টেশন প্ল্যান ২০২৫-২০৩০,<br>○ 'ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান ২০২৫<br>○ TVET expenditure review<br>○ Tracer study for Polytechnic and TSC graduates.<br>● এছাড়াও TVET Sector Performance Monitoring Framework (SPMF) 2021-25 প্রনয়ন করা হয়েছে। |

## ১১.১৩. অনুমোদনের জন্য বিবেচনাধীন প্রোগ্রাম/প্রকল্প/স্কিম:

**২০২৫ সালে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত প্রকল্প / Scheme অনুমোদনের কাজ চলমান রয়েছে এবং প্রতিটিই এডিপি ২০২৪-২৫ এ অন্তর্ভুক্ত রয়েছে:**

১. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৮টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের একাডেমিক ভবন নির্মাণ
২. ১৫টি বিদ্যমান সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি
৩. TVET Teachers for the Future (TTF);
৪. Strengthening Vocational Education in Bangladesh;
৫. NextGen Secondary Education Program;
৬. Professional Education in Industrial and Environmental Safety (PRECISE);
৭. Vocational Training in the Field of Renewable Energy (TVET4RE).

# ১২ অডিট ও মামলা সংক্রান্ত তথ্য:

## ১২.১. কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (অর্থবছর: ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫) অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য:

| অর্থবছর | আগত অডিট আপত্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা (পুঞ্জিভূত) | মন্তব্য |
|---|---|---|---|
| ২০২২-২০২৩ | ১১৭ | ২০০ | নিষ্পত্তিকৃত অডিট আপত্তির মধ্যে পূর্ববর্তী বছরসমূহের পুঞ্জিভূত আপত্তিও রয়েছে। ফলে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা আগত অডিট আপত্তির চেয়ে বেশি হয়েছে। |
| ২০২৩-২০২৪ | ২০৫ | ২৮২ | |
| ২০২৪-২০২৫ | ১৭৯ | ১৫৩ | |
| মোট= | ৫০১ | ৬৩৫ | |

## ১২.২. বিগত তিন বছরের (অর্থবছর: ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫) মামলা সংক্রান্ত তথ্য:

| ২০২২-২০২৩ | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|
| দায়েরকৃত মামলা | নিষ্পত্তিকৃত মামলা | দায়েরকৃত মামলা | নিষ্পত্তিকৃত মামলা | দায়েরকৃত মামলা | নিষ্পত্তিকৃত মামলা | দায়েরকৃত মামলা | নিষ্পত্তিকৃত মামলা |
| ৫৬ | ২২ | ৭২ | ১৭ | ৪৩ | ২৬ | ১৭১ | ৬৫ |

# ১৩ স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষার সম্প্রসারণ সংক্রান্ত তথ্য

## ১৩.১. স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) সংক্রান্ত তথ্য:

- ২০২৪-২৫ অর্থবছরে ইন্ডাস্ট্রি লিংকেজের লক্ষ্যে অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ ও বিভিন্ন ধরনের শিল্প-কারখানা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ক্ষুদ্র ও কুটির শিল্প এবং ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপের মধ্যে ২৫২টি Memorendum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধী ৪টি পলিটেকনিকি ইনস্টিটিউট ও ৭টি টেকনিক্যাল স্কুল ও কলেজে জব ফেয়ার অনুষ্ঠিত হয়েছে। উক্ত জব ফেয়ারে চাকরি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৬০ জন;
- TVET শিক্ষার্থীদের জন্য ২০২৪-২০২৫ অর্থবছরে ০৪টি ভেন্যুতে ১৩৬টি প্রতিষ্ঠানের মধ্যে স্কিলস কম্পিটিশন আয়োজন করা হয়েছে;
- সেমিনার. জব ফেয়ার, স্কিলস কম্পিটিশন আয়োজনসহ বিভিন্ন অনুষ্ঠানে শিল্প-কারখানার কর্মরতদের উপস্থিতি ও নিয়মিত যোগাযোগের মাধ্যমে ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বৃদ্ধি কার্যক্রম চালু রয়েছে;
- SDG লক্ষ্যমাত্রা ও সরকারের অন্যান্য কর্মপরিকল্পনার সাথে সমন্বয় করে সমন্বিত TVET Implementatin Plan (2025-2030) তৈরি করা হয়েছে।
- ২০২৪-২০২৫ অর্থবছরে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিকি ইনস্টিটিউটসমূহে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ৮৮টি ল্যাব/ওয়ার্কসপ আধুনিকায়ন করা হয়েছে;

## ১৩.২. দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণ:

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং “১০০টি উপজেলায় ১(এক)টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত/নির্মিতব্য ১০০টি টিএসসি’র মধ্যে ৯১টি টিএসসিতে ৬ষ্ঠ শ্রেণী হতে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। এছাড়াও ২০২৬ শিক্ষাবর্ষে অবশিষ্ট ৯টি টিএসসি-তে শিক্ষা কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে এবং এ লক্ষ্যে সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

- সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা ধারায় অন্তর্ভুক্ত বিষয়গুলোর সাথে একটি করে কারিগরি বিষয় অধ্যয়নের সুযোগ পাচ্ছে। অন্যদিকে, এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্সে সাধারণ বিষয়ের সাথে কারিগরি শিক্ষায় হাতে কলমে দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীগণ ৪টি ট্রেড বিষয়ে অধ্যয়নের সুযোগ পাচ্ছে;
- “ব্লেন্ডেড শিক্ষা বিষয়ক মহাপরিকল্পনা” প্রণয়ন বিষয়ক জাতীয় টাস্কফোর্স গঠিত হয়েছে। প্রণীত মহাপরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে কারিগরি শিক্ষা ধারার জন্য পৃথক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;

## ১৩.৩ স্কিলস কম্পিটিশন-২০২৫ আয়োজন:

একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা করা এবং দেশের সমৃদ্ধি অর্জনে বৃহৎ জনসংখ্যাকে জনশক্তিতে পরিণত করার জন্য সরকার অঙ্গীকারবদ্ধ। এই উদ্দেশ্য অর্জনে বর্তমান সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা দেশের বিশাল জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি এবং জীবনমুখী শিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দিয়েছেন। দক্ষতা বৃদ্ধির অন্যতম মাধ্যম হচ্ছে কারিগরি ও প্রযুক্তিগত শিক্ষা। এই শিক্ষার

প্রসারে গত কয়েক বছরে কারিগরি শিক্ষা বিষয়ক ব্যাপক প্রচার-প্রসারের কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য একটি কর্মসূচি ছিল স্কিলস কম্পিটিশন। সরকার ২০৩০ সালের মধ্যে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির হার ৩০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নির্ধারণ করেছে। কারিগরি শিক্ষার প্রচার এখন সময়ের দাবি। এই লক্ষ্যে পৌঁছাতে অ্যাকসেলারেটিং এন্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের অধীনে নানান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষার জনপ্রিয়তা বাড়াতে এবং এর প্রচারের জন্য কারিগরি শিক্ষার্থীদের সাথে একটি দক্ষতা ও উদ্ভাবনী প্রতিযোগিতা আয়োজন করা হয়। এই উদ্ভাবনী প্রতিযোগিতার মাধ্যমে দেশের কারিগরি শিক্ষার্থীদের মেধা এবং উদ্ভাবনী শক্তি বিকশিত হবে। আবার দক্ষতা প্রতিযোগিতা দেশে বৃত্তি ও পেশাজীবী মানুষের জন্য তাদের নৈপুণ্য প্রদর্শনের একটি প্রতিযোগিতা। দেশের জেলা/বিভাগীয় পর্যায় থেকে বিভিন্ন বৃত্তি ও পেশায় নিয়োজিত মানুষের কর্ম নৈপুণ্যের বিষয়টি প্রতিযোগিতার মাধ্যমে তুলে ধরে জাতীয় পর্যায়ে তাদের স্বীকৃত প্রদান ও পুরস্কৃত করাই এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য। জাতি গঠনে ও অর্থনৈতিক প্রবৃত্তি অর্জনে সমাজের সকল পেশার স্বীকৃতি প্রদানের মাধ্যমে তরুণ সমাজকে বিভিন্ন পেশায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করাও এই প্রতিযোগিতার অন্যতম লক্ষ্য। এই আয়োজন স্থানীয় প্রশাসন, মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের, তাদের অভিভাবক, শিক্ষক-কর্মকর্তা, শিল্পকারখানার মালিক, ব্যবসায়ী, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে।

কারিগরি শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থীরা নিয়মিতভাবে বিভিন্ন আবিষ্কার ও উদ্ভাবন করে থাকে। এই প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের আবিষ্কার ও উদ্ভাবনগুলি দেশের মানুষের মাঝে তুলে ধরা হয়। এর ফলে ছাত্র-ছাত্রীরা নতুন নতুন আবিষ্কার ও উদ্ভাবনে উৎসাহিত হয়। আশা করা হচ্ছে, এই প্রতিযোগিতার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের অন্তর্নিহিত উদ্ভাবনী প্রতিভার বিকাশ ঘটবে এবং তাদের এই আবিষ্কার/উদ্ভাবন দেশ ও জাতির উপকারে আসবে।

আবার দক্ষতা ভিত্তিক বিভিন্ন অকুপেশনে প্রশিক্ষণপ্রাপ্ত বা সনদধারীদের জন্য দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করা হয়। এ প্রতিযোগিতায় একই কাজ সকল প্রতিযোগীকে সম্পাদন করতে হয়েছে। মূল্যায়ন করা হবে মানদণ্ড অনুযায়ী কত কম সময়ে, কত নিখুঁতভাবে, কত কম খরচে, কতটা পরিবেশবান্ধব উপায়ে, কতটা অনন্য উপায়ে কাজটি সম্পন্ন করছে তার উপরে।

উদ্ভাবনী ও দক্ষতা প্রতিযোগিতাটি তিনটি পর্যায়ে আয়োজন করা হবে - প্রাতিষ্ঠানিক পর্যায়, আঞ্চলিক পর্যায় ও জাতীয় পর্যায়। প্রাতিষ্ঠানিক পর্যায়ে, নিজ নিজ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা দলগত বা এককভাবে এ প্রতিযোগিতায় অংশ নেয়। প্রতিটি প্রতিষ্ঠানে একযোগে দেশজুড়ে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। দিনব্যাপী উদ্ভাবনী প্রকল্পের প্রদর্শন সাধারণ দর্শকদের জন্য উন্মুক্ত থাকে। এর সাথে প্রকল্পগুলোর মূল্যায়ন চলমান থাকে। দিন শেষে ফলাফল ঘোষিত হয়। বিজয়ী তিনটি উদ্ভাবন আঞ্চলিক প্রতিযোগিতার জন্য নির্বাচিত হয়। একইভাবে প্রাতিষ্ঠানিক পর্যায়ের বিজয়ীদের নিয়ে আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতা আয়োজিত হয়। সেখানে একটি কারিগরি শিক্ষার গুরুত্ব বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সংশ্লিষ্ট অঞ্চলের স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, জননিরাপত্তা বিষয়ক কর্মকর্তাবৃন্দ, মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধানগণ, সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা, শিল্পকারখানার মালিক, সুশীল সমাজের প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়। এই পর্যায়েও দিনব্যাপী উদ্ভাবনী প্রকল্পের প্রদর্শন সাধারণ দর্শকদের জন্য উন্মুক্ত থাকে। আবার দক্ষতা প্রতিযোগিতার ক্ষেত্রে নিজ নিজ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রতি অকুপেশনে প্রতি ৫০/১০০ জনে একজনকে আঞ্চলিক পর্বের জন্য মনোনয়ন দেয়া যায়।

এক/দুই দিন ব্যাপী জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আয়োজিত হয়। একই দিনে একটি বর্ণাঢ্য র‍্যালি এবং জাতীয় প্রতিপাদ্য নিয়ে একটি সেমিনার আয়োজিত হয়। বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়। সেমিনারে কারিগরি ও প্রশিক্ষণ নিয়ে কাজ করা সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর, সংস্থা ও ব্যক্তিকে আমন্ত্রণ জানানো হয়। ক্রোড়পত্র বিস্তারিতভাবে প্রচারিত হয়। মিডিয়ার সক্রিয় উপস্থিতি নিশ্চিত করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠান, ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণের মাধ্যমে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।

## স্কিলস কম্পিটিশন-২০২৫ এর জন্য নির্বাচিত জবের তালিকাঃ

| ক্র. নং | জবের নাম |
|---|---|
| ১ | একটি সুইচ, একটি সকেট, একটি ইন্ডিকেটর, একটি ফিউজ, এনার্জি মিটারসহ ওয়্যারিং |
| ২ | ফ্যান রেগুলেটর ডিজাইন ও তৈরী করণ (ইলেকট্রনিক টাইপ) |
| ৩ | ৩ ফেজ স্টার ডেল্টা সংযোগ প্রদান করণ। |
| ৪ | CAD এর সাহায্যে Hexagonal 3D নাট ডিজাইন। |
| ৫ | আর্ক ওয়েল্ডিং এর সাহায্যে বাট জয়েন্ট (2G) পজিশনে তৈরীকরণ |
| ৬ | এম এস সিটের ফানেল তৈরি |
| ৭ | স্প্লিট টাইপ এয়ার কন্ডিশনার স্থাপন ও গ্যাস চারজিং |
| ৮ | টিউবিং করণ ও লিক টেস্ট পরীক্ষণ |
| ৯ | ইনজেক্টর সার্ভিসিং এর দক্ষতা অর্জন |
| ১০ | Perfect frame ট্রাস মডেল নির্মান |
| ১১ | CAD ব্যাবহার করে ফ্লোরপ্ল্যান ( ১২০০ এসএফটি,তিন রুম,তিন বাথরুম,বারান্দা) |
| ১২ | ইংলিশ বন্ড পদ্ধতিতে ৬ স্তরের দেয়াল তৈরি |
| ১৩ | গ্রাফিক্স ডিজাইন টুলস ব্যবহার করে লোগো তৈরী করণ |
| ১৪ | পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে ক্যালকুলেটর তৈরি করার প্রোগ্রাম করণ। |
| ১৫ | বাটার কুকিজ প্রস্তুতকরণ |

## স্কিলস কম্পিটিশন-২০২৫ এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানঃ

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | সরকারি পলিটেকনিক/মনোটেকনিক | ৫০ টি |
| ২ | সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | ৬৪ টি |
| ৩ | বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক | ১৬ টি |
| ৪ | ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি | ৬ টি |
| | **মোট অংশগ্রহণকারী প্রতিষ্ঠান** | **১৩৬ টি** |



স্কিলস কম্পিটিশন ২০২৫ এর প্রতিষ্ঠান পর্যায়ে ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউটের  ইলেকট্রোমেডিকেল টেকনোলজির হাউজ ওয়ারিং দক্ষতা প্রজেক্ট



স্কিলস কম্পিটিশন ২০২৫ এর প্রতিষ্ঠান পর্যায়ে রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রজেক্ট

# ১৪

# তারুন্যের উৎসব
# T10 ক্রিকেট টুর্নামেন্ট-২০২৫

**ভূমিকাঃ**

"এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়" এই স্লোগানকে সামনে রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল ও কলেজসমুহে 'তারুণ্যের উৎসব ২০২৫' এর অংশ হিসেবে T10 ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়। এই টুর্নামেন্টের প্রধান উদ্দেশ্য ছিল সকল পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল ও কলেজর শিক্ষার্থীদের মধ্যে একতা সৃষ্টি এবং তাদের মধ্যে সুস্থ্য প্রতিযোগিতার মাধ্যমে দেশপ্রেম ও দক্ষতা বৃদ্ধি করা।

গত ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজিব ভুঁইয়া নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে 'তারুণ্যের উৎসব ২০২৫' উদ্বোধন করেন। টুর্নামেন্টে বিভাগীয় পর্যায়ে আন্ত:পলিটেকনিক ইনস্টিটিউট ও আন্ত:টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ অংশগ্রহণ করে এবং প্রতিটি বিভাগ থেকে একটি করে দল বিজয়ী হয়ে কোয়াটার ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। কোয়াটার ফাইনালে প্রতিটি গ্রুপে থেকে ৪টি করে দল কেন্দ্রীয় পর্যায়ে সেমিফাইনালের জন্য নির্বাচিত হয়। ভেনু হিসেবে ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের খেলার মাঠ প্রস্তুত করা হয়। সেমিফাইনাল শেষে প্রতি গ্রুপে ২টি দল পরবর্তী ধাপে ফাইনাল খেলায় অংশগ্রহণ করার সুযোগ পায়। ফাইনাল খেলা পরিচালনা করার জন্য বাংলাদেশের বিভিন্ন ক্রিকেট লিগ পরিচালনায় অভিজ্ঞ বাংলাদেশ ক্রিকেট বোর্ডের অন্তর্ভূক্ত আম্পায়ারদের দ্বায়িত্ব দেওয়া হয়। আইন শৃংখলা রক্ষার জন্য বাংলাদেশ আনসার বিশেষ ভূমিকা পালন করে । দেশি বিদেশি বিভিন্ন গনমাধ্যমের সাংবাদিকগন উপস্থিত থেকে অত্যান্ত আন্তরিকতার সহিত সংবাদ সংগ্রহ ও প্রচার করেন। এছাড়াও কিছু কিছু অনলাইন মিডিয়া সরাসরি খেলা প্রচার করে।



ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট মাঠে T10 ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলার উদ্বোধন

১৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে T10 ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলার উদ্বোধন করেন কারিগরি ও মাদ্রাসা বিভাগের মাননীয় সচিব ড. খ ম কবিরুল ইসলাম। তিনি খেলাধুলার গুরুত্ব তুলে ধরে তার মূল্যবান বক্তব্য প্রদান করেন। তিনি ফাইনাল খেলা উপভোগ করেন এবং বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেন। T10 ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলায় পলিটেকনিক ইনস্টিটিউট গ্রুপে বিজয়ী রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ গ্রুপে বিজয়ী ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ।



পলিটেকনিক ইনস্টিটিউট গ্রুপে বিজয়ী রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট




টেকনিক্যাল স্কুল ও কলেজ গ্রুপে বিজয়ী ঝালকাঠি টেকনিক্যাল স্কুল ও কলেজ

# ১৫ নারী শিক্ষার্থী, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রান্তিক জনগোষ্ঠীর সুযোগ বৃদ্ধি সংক্রান্ত তথ্য

## ১৫.১. নারী শিক্ষার্থীদের সুবিধা বৃদ্ধি:

- কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে ভর্তির ক্ষেত্রে মহিলা কোটা ১০% থেকে ২০%-এ উন্নীত করা হয়েছে;
- উপবৃত্তি প্রোগ্রামের আওতায় নারী শিক্ষার্থীদের ১০০% উপবৃত্তি প্রদান করা হয়;
- মহিলা বান্ধব ট্রেড ও টেকনোলজি প্রবর্তন করা হয়;
- কারিগরি প্রতিষ্ঠানে নারী শিক্ষার্থীদের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আলাদা ওয়াশব্লক তৈরি, কমন রুম, নামাজের স্থানসহ টয়লেটের আধুনিকায়ন করা হয়েছে;
- প্রতিটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে;
- উপজেলা পর্যায়ে ৩২৯টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পে প্রতিটি প্রতিষ্ঠানে ২০০ আসনের ছাত্রীনিবাস স্থাপনের সংস্থান রয়েছে;
- কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে বর্তমানে ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট রয়েছে। এছাড়াও ৪টি বিভাগীয় শহরে আরো ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপনের কাজ চলমান রয়েছে।

## ১৫.২. বিশেষ চাহিদাসম্পন্ন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রান্তিক জনগোষ্ঠীর সুযোগ বৃদ্ধি:

- কারিগরি শিক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভর্তির ক্ষেত্রে ৫% কোটা প্রবর্তন করা হয়েছে;
- কারিগরি শিক্ষায় উপবৃত্তি নীতিমালায় ১০০% প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে;
- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিবন্ধী শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের জন্য সহায়ক ভৌত অবকাঠামো যেমন, র‍্যাম্প, উপযোগী টয়লেট, হুইল চেয়ার ইত্যাদির সংস্থান করা হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ডিজেবল কর্ণার সংযোজন করা হয়েছে;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ও প্রশিক্ষনার্থীসহ ইনক্লুসিভ TVET বাস্তবায়নে জন্য আন্তর্জাতিক স্বীকৃতি স্বরুপ অষ্ট্রিয়ার ভিয়েনার জিরো প্রজেক্ট হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে সম্মাননা এওয়ার্ড প্রদান করা হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরে Skills-21 প্রকল্পের আওতায় Disability Inclusion Advisory Group গঠন করা হয়েছে;
- সমাজের সর্বস্তরের মানুষকে কারিগরি শিক্ষাধারায় অন্তর্ভুক্ত করতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের জন্য ৫% কোটা সংরক্ষণ করা হয়েছে।

# ১৬ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সম্পাদিত গবেষণা কার্যক্রম

কারিগরি শিক্ষার সার্বিক উন্নয়নে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা সফল বাস্তবায়নের পাশাপাশি কারিগরি শিক্ষার ক্ষেত্রে গবেষণাধর্মী কার্যক্রমের গুরুত্ব অপরিসীম। সে লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ''রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল'' তার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগণের সরাসরি অংশগ্রহণে প্রতি অর্থবছরে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সংক্রান্ত ১০ (দশ) টি গবেষণা কার্যক্রম পরিচালনা করে। ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত গবেষণাসমূহের শিরোনাম:

| Sl. No | Research Titles |
|---|---|
| 1. | Status Of Foreign Manpower In Bangladesh: Analyzing Skills Gaps To Enhance Employability Of TVET Graduates |
| 2. | Investigation of Existing Sanitation Condition Using SFD Graphic Tools with Resource Recovery Approach: A Case Study on Barisal City |
| 3. | Formulation Optimization Of Edible Film For Industrial Application |
| 4. | Design and Implementation of a Cost-Effective and Environment friendly Solar-Powered Irrigation System for Enhancing Agricultural Productivity in Rural Areas of Bangladesh |
| 5. | Tea leaf disease detection and classification using 'YOLOv11' object detection algorithm |
| 6. | Determination of side effects of taking energy drink on human health by using biomedical tools. |
| 7. | Green Practices among TVET Professionals: Fostering Green Jobs for a Green Economy |
| 8. | Exploring The Competency Gap Between Curriculum Intentions And Employers' Expectations Of Diploma In Engineering Graduates |
| 9. | Exploring Challenges In Implementing Educational Technology (Edtech) In Polytechnic Institutes Of Khulna Division, Bangladesh |
| 10. | Implementation Of Short-Term Load Forecasting Model Using LSTM Architecture: A Case Study Of Sylhet Division. |



২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত গবেষণাসমূহের Dessimination Workshop

# ১৭ এনরোলমেন্ট, উপবৃত্তি ও এমপিও সংক্রান্ত তথ্য

## ১৭.১. কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট তথ্য:

সরকারের আন্তরিক প্রচেষ্টার ফলে কারিগরি শিক্ষায় এনরোলমেন্টের ক্ষেত্রে অভুতপূর্ব অগ্রগতি সাধিত হয়েছে। ২০২৪ সাল পর্যন্ত কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট হার ১৯%। একইসাথে কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের সংখ্যাও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থী ভর্তির হার ২৭.৯৭%। ২০৩০ সালের মধ্যে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট ৩০% এ উন্নীতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প/প্রোগ্রাম গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষায় বর্তমান এনরোলমেন্ট:

| তথ্যের উৎস | কোর্সের নাম | কোর্সের মেয়াদ | শিক্ষার্থীর সংখ্যা ছাত্র) | শিক্ষার্থীর সংখ্যা (ছাত্রী) | মোট শিক্ষার্থীর সংখ্যা | % ছাত্রী |
|---|---|---|---|---|---|---|
| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) কর্তৃক প্রকাশিত ‘কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে এনরোলমেন্ট সংক্রান্ত প্রতিবেদন, ২০২৩’ [BTEB এফিলিয়েটেড প্রতিষ্ঠানসমূহ] | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ০৪ (চার) বছর | ২২১,১৯২ | ৩৮,৬০২ | ২৫৯,৭৯৪ | ২.৩৪% |
| | এইচএসসি (ভোকেশনাল) | ০২ (দুই) বছর | ২১,৮৯১ | ৩,০৫৬ | ২৪,৯৪৭ | ০.১৯% |
| | এইচএসসি (বিএমটি) | ০২ (দুই) বছর | ২৯৭,৮৮৮ | ১২৮,৮৪৭ | ৪২৬,৭৩৫ | ৭.৮১% |
| | এসএসসি (ভোকেশনাল) | ০২ (দুই) বছর | ৪০৮,৭৫৯ | ১৬৮,৪২০ | ৫৭৭,১৭৯ | ১০.২১% |
| | দাখিল (ভোকেশনাল) | ০২ (দুই) বছর | ১২,৪৮৫ | ৬,৩৬৯ | ১৮,৮৫৪ | ০.৩৯% |
| | বেসিক ট্রেড | ৩৬০ ঘন্টা | ২২৫,৫৮৩ | ১১৫,৯২৮ | ৩৪১,৫১১ | ৭.০৩% |
| | | **সর্বমোট:** | **১,১৮৭,৭৯৮** | **৪৬১,২২২** | **১,৬৪৯,০২০ (১৯%)** | **২৭.৯৭%** |

*(তথ্য সূত্রঃ কারিকুলাম, বাকাশিবো)*

## ১৭.২. উপবৃত্তির তথ্য:

২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৭,২৮,৯৭৫ জন সুবিধাভোগী শিক্ষার্থীকে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয়ে সহায়তা বাবদ ২৬২,০৮,৬০,৯০৩/- (দুইশত বাষট্টি কোটি আট লক্ষ ষাট হাজার নয়শত তিন) টাকা বিতরণ করা হয়েছে।

**২০২৪-২০২৫ অর্থবছরে উপবৃত্তি বিতরণের সারসংক্ষেপ:**

| ২০২৩-২৪ অর্থবছরে ব্লকড হওয়া শিক্ষার্থীদের ২০২৪-২৫ বরাদ্দ হতে বিতরণ | জুলাই-ডিসেম্বর ২০২৪ ও জানুয়ারি-জুন ২০২৪ মেয়াদে বিতরণ | জানুয়ারি-জুন ২০২৫ ও জুলাই-ডিসেম্বর ২০২৪ মেয়াদ বিতরণ | **সর্বমোট বিতরণ** |
|---|---|---|---|
| শিক্ষার্থীর সংখ্যা ৯৯৪ জন | শিক্ষার্থীর সংখ্যা ৩৫৬৯২৭ জন | শিক্ষার্থীর সংখ্যা ৩৭১০৫৪ জন | শিক্ষার্থীর সংখ্যা ৭২৮৯৭৫ জন |
| ২২.৫৮ লক্ষ টাকা | ১৩৮২৩.১৭ লক্ষ টাকা | ১২৩৬২.৮৬ লক্ষ টাকা | ২৬২০৮.৬১ লক্ষ টাকা |

## ১৭.৩. ২০২৪-২০২৫ অর্থবছরে এমপিও প্রদান সংক্রান্ত তথ্য:




মে/২০২৫ খ্রিঃ মাস পর্যন্ত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও কর্মচারীর সংখ্যা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের সংখ্যা | শিক্ষক সংখ্যা | কর্মচারীর সংখ্যা | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি কলেজ (ব্যবসায় ব্যবস্থাপনা, ডিপ্লোম ইন এগ্রিকালচার) | ১,০৯৭ | ৯,৫০৮ | ১,৯৬০ | ১১,৪৬১ |
| ২ | মাধ্যমিক বিদ্যালয় এসএসসি (ভোকেশনাল) | ১,০২৮ | ১০,৮০৮ | ৫৬১ | ১১,৩৬৯ |
| ৩ | মাদ্রাসা (ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা) | ২৬ | ২৫০ | ১৫ | ৩৬৫ |
| | মোট : | ২,১৫১ | ২০,৫৫৯ | ২,৫৩৬ | ২৩,০৯৫ |

# ১৮ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১০ বছরের অর্জন

- কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট  হার বর্তমানে ১৯%। যেখানে নারী শিক্ষার্থীর এনরোলমেন্ট ২৭.৯৭%;
- ২০২৫ শিক্ষাবর্ষে জানুয়ারি মাস পর্যন্ত ১৫৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত জুনিয়র ভোকেশনাল কোর্সে ৩৪,৪১৫ জন, ৯ম শ্রেণিতে ২১,৭৩৭ জন এবং একাদশ শ্রেণিতে ২,৩৯৯ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে;
- Recognition of Prior Learning (RPL) প্রবর্তন করা হয়েছে;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণ (TVET) উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ প্রণয়ন;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৮তলা বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে এবং অবশিষ্ট ০৪তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে;
- ফরিদপুর, সিলেট, ময়মনসিংহ ও বরিশাল বিভাগে ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হয়েছে এবং চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে আরো ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজের ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "বিদ্যমান ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় ৩০টি সাইটের ভবনের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং বাকী ৩৪টি সাইটে নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত/নির্মিতব্য ৯১টি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণিতে শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। অবশিষ্ট ০৯টি প্রতিষ্ঠানের নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় সবগুলো সাইটে নির্মাণ ও পূর্ত কাজ প্রায় সম্পন্ন হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় সবগুলো সাইটে নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে;
- এসএসসি এইচএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহকে ১৪টি ট্রেডে পুনর্বিন্যাস করা হয়েছে;
- ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সরকারি চাকুরিপ্রাপ্তি বিষয়ক সমস্যার সমাধান এবং ভবিষ্যত কর্মসংস্থানের সুযোগ বিবেচনায় টেকনোলজিসমূহ পুনর্বিন্যাস করা হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য ১২,৮০৫টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে;
- ১০০টি উপজেলায় একটি করে সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্পের আওতায় রাজস্ব খাতে ৬৪০০টি পদ এবং আউটসোর্সিং খাতে ৪০০টি পদসহ মোট ৬,৮০০টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে;
- শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে "ব্লেন্ডেড এডুকেশন মহাপরিকল্পনা" প্রণয়নের জন্য জাতীয় টাস্কফোর্সের প্রণীত মহাপরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তর কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার জন্য পৃথক পরিকল্পনা প্রস্তুত করেছে;
- ঢাকাস্থ চীনা দূতাবাসের যৌথ উদ্যোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে বৃত্তির আওতায় ডিপ্লোমা ও বিএসসি পর্যায়ে ৮৪৫ জন শিক্ষার্থীকে চীনের বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে;
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর এমপিও কার্যক্রম অনলাইনে সম্পাদন ও বেতন-ভাতাদি অনলাইনে প্রদান;

# ১৯ সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধি, শ্রমবাজারের চাহিদামূখী কারিকুলাম প্রণয়ন এবং কারিগরি শিক্ষার ভাবমূর্তির উন্নয়ন;
- চাহিদা-ভিত্তিক পাঠ্যক্রম তৈরির জন্য TVET Curriculum development expert pool গঠন;
- কারিগরি শিক্ষার সকল স্তরে জেন্ডার সমতা আনায়ন ও কারিগরি শিক্ষার মানোন্নয়ন;
- সকল জনগোষ্ঠীর জন্য দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের সমান সুযোগ নিশ্চিতকরণ;
- ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ জোরদারকরণ ও শিল্প-প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক উন্নয়ন;
- কারিগরি শিক্ষার প্রতিটি স্তরের পাঠ্যক্রমে চতুর্থ শিল্প বিপ্লবের সংশ্লিষ্ট বিষয় অন্তর্ভুক্তকরণ;
- চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন;
- শিল্পে ব্যবহারিক জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা অর্জনের জন্য কারিগরি শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ জোরদারকরণ;
- দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন;
- দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের সকল ক্ষেত্রে 'বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF)' বাস্তবায়ন।

# ২০ ভবিষ্যৎ পরিকল্পনা

- কারিগরি শিক্ষার মান নিশ্চিতকরণের জন্য TVET শিক্ষকদের যোগ্যতা কাঠামো প্রণয়ন এবং বাস্তবায়ন;
- শিল্পক্ষেত্রে ব্যবহারিক জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা অর্জনের জন্য কারিগরি শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ জোরদারকরণ;
- শিল্প বিশেষজ্ঞদের নিয়ে প্যানেল তৈরি এবং TVET ইনস্টিটিউটগুলিতে অতিথি শিক্ষক/বক্তা/পরামর্শদাতা হিসেবে তাদের অংশগ্রহণের মাধ্যমে ক্লাস পরিচালনা;
- দেশে ও বিদেশে উচ্চশিক্ষা, প্রশিক্ষণ এবং শিক্ষক বিনিময়ের জন্য নীতিমালা প্রণয়ন;
- PSC, NTRCA, UGC এবং NCTB তে TVET wings স্থাপন;
- বিদ্যমান ২টি কারিগরি শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (টিটিটিসি ও ভিটিটিআই) আধুনিকায়ন এবং নতুন ২টি কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপন;
- বিদ্যমান ৫০টির মধ্যে ৩য় পর্যায়ে ২৫টি পলিটেকনিক ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধিকরণ;
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ল্যাব/ওয়ার্কসপ আধুনিকায়ণ;
- ডিপ্লোমা গ্রাজুয়েটদের দক্ষতা ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য স্কিলস কম্পিটিশন ও জব ফেয়ার আয়োজন;
- দেশের সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং চালুকরণ;
- ঝরে পড়া শিক্ষার্থীদের তালিকা সংরক্ষণসহ পেশাভিত্তিক প্রশিক্ষণ ও সনদায়নের ব্যবস্থা গ্রহণ;
- TVET প্রতিষ্ঠানসমূহে বিশেষ চাহিদা সম্পন্ন ও তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের অন্তর্ভুক্তকরণ;
- মেধাবী শিক্ষার্থীদের চাকরি নিশ্চিতকরণের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে দেশের সেক্টরভিত্তিক শীর্ষস্থানীয় শিল্প-কারখানাসমূহের সাথে চুক্তি সম্পাদন;
- দক্ষতা উন্নয়নের জন্য এমপিওভুক্ত বেসরকারী ভোকেশনাল ইনস্টিটিউটসমূহের অবকাঠামো উন্নয়ন;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ;
- প্রত্যেক কারিগরি প্রতিষ্ঠানে গ্রিন প্রাকটিস চালুকরণ।

== আগামীর প্রত্যাশায় ==